



জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণঃ www.jagrandaily.com

JAGARAN ■ 3 August, 2023 ■ আগরতলা ও আগস্ট ২০২৩ ইং ■ ১৭ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ, বৃহস্পতিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder: J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ অতি পাতা



ডেঙ্গুতে প্রথম একজনের মৃত্যু রাজ্যে

আক্রান্ত বাড়ছে, উদ্বেগ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। ডেঙ্গুতে প্রথম মৃত্যু রাজ্যে। বেসরকারি হাসপাতাল সূত্রে এই খবর জানা গেছে। গোটা রাজ্যে ৪ হাজার বৃদ্ধি পাচ্ছে আক্রান্তের সংখ্যা। এখানে পর্যন্ত রাজ্যে আক্রান্তের সংখ্যা ৮৬। শুধু ধনপুর এলাকায় আক্রান্তের সংখ্যা ৭৬ জন, কাঞ্চনমালাতে ৯ জন এবং মোহনপুরে ২ জন আক্রান্তের খবর মিলেছে। তবে বেসরকারিভাবে এই সংখ্যা আরও বাড়তে পারে বলে ধারণা। ধনপুরের বিশিষ্ট ব্যবসায়ী সূভাষ সরকারের মৃত্যু হয়েছে রাজ্যের একটি বেসরকারি হাসপাতালে। মৃত ব্যক্তির নাম সূভাষ সরকার। বয়স ৬৫ বছর। বাড়ি সিপাহীজলা জেলার ধনপুরের শঙ্খমুড়া এলাকায়।

ডেঙ্গু সংক্রমিত হয়ে তিনি হাসপাতালে ভর্তি হয়েছিলেন বলে জানিয়েছেন সোনামুড়ার এসডিএমও ইন-চার্জ ডাঃ রাজেশ দাস। আগরতলায় একটি বেসরকারি হাসপাতালে মৃত্যু হয়ে এই ব্যক্তির। ডেঙ্গু আক্রান্ত হয়ে এক ব্যক্তি মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই গোটা জেলায় নতুন করে আতঙ্ক সৃষ্টি। উল্লেখ্য গত ২ সপ্তাহ যাবৎ সোনামুড়া মহকুমার ধনপুরে দাপট দেখাচ্ছে সংক্রমণ ব্যাপি ডেঙ্গু। এই ভয়াল জ্বরে আক্রান্ত বহু মানুষ।

জানিয়েছেন, শরীরে জ্বর অনুভূত হওয়ায় তাকে প্রথমে নিয়ে যাওয়া হয়েছিল ধনপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে। পরে সোনামুড়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে থেকে আগরতলায় নিয়ে যাওয়া হয়। টি.এম.সি-তে নিয়ে গেলে হাসপাতালটির পরিষেবা সন্তুষ্টি হতে না পেরে অবশেষে একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যান পরিবারের লোকেরা। পরে সেখানেই তার মৃত্যু হয়। ডেঙ্গুতে মৃত্যুর কারণে রাজ্য জুড়ে আতঙ্ক বিরাজ করছে। পরিস্থিতি সামাল দিতে দফায় দফায় বৈঠক করছেন স্বাস্থ্য অধিকারিকেরা। এদিকে সোনামুড়া নগর পঞ্চায়েত এলাকায় ডেঙ্গু প্রতিরোধ ও মোকাবেলায় আজ সোনামুড়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে এক গুরুত্বপূর্ণ বৈঠক হয়েছে। এতে উপস্থিত ছিলেন সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস-চেয়ারপার্সন শাহজাহান মিয়া সহ নগর পঞ্চায়েতের প্রতিটি ওয়ার্ডের নির্বাচিত কমিশনাররা। বৈঠক শেষে সামাজিক স্বাস্থ্য কেন্দ্রটির ইনচার্জ ডক্টর পার্থপ্রতিম দাস জানিয়েছেন ধনপুর ছাড়াই এখন ডেঙ্গু আক্রান্ত রোগী পাওয়া গেছে সোনামুড়া নগর লাগুয়া বেজিমারা গ্রাম পঞ্চায়েত এলাকায়। কাঠালিয়া ব্লকের অধীন এ পঞ্চায়েতটি সোনামুড়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্রটির অধীনে। তাই সাবধানতা অবলম্বনের জন্য, এনং নগর পঞ্চায়েত এলাকায় যদি ডেঙ্গু সংক্রমণ দেখা দেয় তাহলে কি করতে হবে? কি না করা উচিত? তা নির্ণয়ের জন্যই এই বৈঠক সংগঠিত হয়েছে।



রাজ্যে গত ২৪ ঘণ্টায় আরও ১২ জন করোনায় আক্রান্ত শনাক্ত হয়েছে। আজ সন্ধ্যায় স্বাস্থ্য দফতর মিডিয়া বুলেটিনে জানিয়েছে, নতুন করে ৩৫০ জনের নমুনা পরীক্ষা হয়েছে। তাদের মধ্যে পশ্চিম জেলায় চারজন, সিপাহীজলা জেলায় চারজন, দক্ষিণ জেলায় তিনজন এবং গোমতী গোমতী জেলায় একজন সংক্রমিত শনাক্ত হয়েছে।

ঋণ দেওয়ার নামে টাকা হাতিয়ে নিল যুবক, আটক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। প্রতারনার অভিযোগে আটক এক যুবক। শান্তিপুরজার তপোবন আশ্রম এলাকা থেকে প্রতারনার অভিযোগে এক যুবককে আটক করে পুলিশের হাতে তুলেদিলো এলাকাবাসী। ঘটনার বিবরণ জানা যায়, শান্তিপুর বাজার মহকুমার লাউগাং এলাকা থেকে এক যুবক ও স্নান ব্যাঙ্কের ইনসুরেন্স এজেন্ট পাইয়ে দেবার নামকরে এলাকার ৭ জন লোকের কাছ থেকে অর্থ সংগ্রহ করছে। পরবর্তী সময় এলাকাবাসীরা জানতে ৩৬ এর পাতায় দেখুন

হরিয়ানার সাম্প্রদায়িক হিংসায় মৃত ৬, গ্রেফতার ১১৬

চণ্ডীগড়, ২ আগস্ট (হি.স.) : হরিয়ানায় সাম্প্রদায়িক হিংসায় মৃত্যু হয়েছে ৬ জনের। মৃত ৬ জনের মধ্যে দু'জন হোম গার্ড। সাম্প্রদায়িক হিংসার ঘটনায় বৃহস্পতিবার পর্যন্ত ১১৬ জনকে গ্রেফতার করা হয়েছে। বৃহস্পতিবার এমএনটিই জানিয়েছেন হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহর লাল খাট্টার। হরিয়ানার মুখ্যমন্ত্রী খাট্টার জানিয়েছেন, নুহের সংঘর্ষ নিয়ন্ত্রণে আনার পর অন্যত্র হিংসার বিপণ্ডগামী ঘটনা ঘটেছে। আহতরা বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী। হরিয়ানার সুরাষ্ট্রমন্ত্রী অনিল ভিজ বৃহস্পতি বলেছেন, নুহের পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে, এখনও পর্যন্ত প্রায় ৪১টি এফআইআর নথিভুক্ত করা হয়েছে এবং ১১৬ জনকে গ্রেফতার করা হয়েছে। এর পেছনে যড়যন্ত্র রয়েছে। যেভাবে পাথর, অস্ত্র, গুলি পাওয়া গিয়েছে, তাতে মনে হচ্ছে এর পেছনে কোনও মাস্টারমাইন্ড আছে। আমরা বিস্তারিত তদন্ত করব এবং এর সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেব। প্রশাসন যাই বলুক না, স্বাভাবিক ছন্দে ফিরতে হয়তো আরও কিছু দিন সময় লাগবে, এখনও ধমকামে রয়েছে

শিক্ষক কর্মশালা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। ত্রিপুরা সহ দেশের ৬টি রাজ্যের ই-এমআরএস-এর অধ্যক্ষ, ইনচার্জ ও শিক্ষকদের নিয়ে বৃহস্পতিবার আগরতলায় কুঞ্জবনস্থিত সোনানতরী স্টেট গেস্ট হাউসের কনফারেন্স হলে এক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে। আজ চারদিন ব্যাপী আয়োজিত প্রশিক্ষণ কর্মশালায় আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন রাজ্যের জনজাতি কল্যাণ দফতরের মন্ত্রী বিকাশ দেববর্মা। এদিন তিনি বলেন, আগামী দিনে বিদ্যালয়গুলিকে কিভাবে উন্নত করা যায় সেই নিয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। তাছাড়া বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের পুষ্টি ও মানসিক সুস্থতার বিভিন্ন বিষয় নিয়েও প্রশিক্ষণ দেওয়া হবে।

বাড়ছে চুরি প্রাশসন নীরব

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। রাজ্যে চুরির ঘটনা ক্রমাগত বৃদ্ধি পেয়েই চলেছে। প্রায় প্রতিরাতে কোন না কোন স্থানে চুরির ঘটনার ফলে মানুষ আতঙ্কে দিন কাটাচ্ছেন। এরই মধ্যে মঙ্গলবার গভীর রাতে গভাছড়া হাসপাতাল চৌমুহনী এলাকায় এক দোকানে হাত সাফাই করল চোরের দল। জনৈক ক্ষুদ্র ব্যবসায়ী জানিয়েছেন, প্রতিদিনের মতো গতকাল রাতেও দোকান বন্ধ করে বাড়িতে গিয়েছিলেন। কিন্তু আজ সকালে এসে দোকানে চুরি যাওয়ার ঘটনাটি দেখতে পান তিনি। চোরের দল দোকানের ৩৬ এর পাতায় দেখুন

রাজ্যসভায় বিরোধীদের ওয়াক-আউট, রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাত

নয়াদিল্লি, ২ আগস্ট (হি.স.) : মণিপুর ইস্যুতে রাষ্ট্রপতি ভবনে গিয়ে রাষ্ট্রপতি শ্রীপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করলেন বিরোধী দলের এগারোটা নাগাদ 'ইন্ডিয়া' জোটের ৩১ জন সদস্য এবং মণিপুর সফরে যাওয়া ২১ জন সাংসদ রাষ্ট্রপতি শ্রীপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করেন। মণিপুরে শান্তি প্রতিষ্ঠার জন্য রাষ্ট্রপতির হস্তক্ষেপ প্রার্থনা করেছেন তাঁরা। জমা দিয়েছেন স্মারকলিপিও। রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাতের পর রাষ্ট্রপতি ভবনের বাইরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে রাজ্যসভার বিরোধী দলনেতা ও কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়াগে বলেছেন, 'ইন্ডিয়া জোটের ৩১ জন সদস্য এবং মণিপুর সফরে

মণিপুর ইস্যুতে

যাওয়া ২১ জন সাংসদ রাষ্ট্রপতি শ্রীপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করেছেন। আমরা রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি পেশ করছি। আমরা রাষ্ট্রপতিকে, বিশেষ করে মণিপুরে মহিলাদের প্রতি নৃশংসতা, পুনর্বাসন এবং অন্যান্য অবস্থার বিষয়ে জানিয়েছি। আমাদের প্রধান দাবি হল প্রধানমন্ত্রীকে মণিপুর যেতে হবে এবং সে রাজ্যে শান্তি পুনরুদ্ধারের দিকে পদক্ষেপ নিতে হবে। খাড়াগে বলেছেন, বিরোধী প্রতিনিধিদল হরিয়ানায় হিংসার বিষয়টিও রাষ্ট্রপতি মুর্মুর সামনে উপস্থাপন করেছে। আম আদমি পাটির সাংসদ সূশীল গুপ্তা বলেছেন, 'আমরা দাবি করেছি, প্রধানমন্ত্রীর মণিপুর সফর করা উচিত এবং সংসদেও আসা উচিত। আমরা রাষ্ট্রপতির সঙ্গে হরিয়ানার পরিস্থিতি নিয়েও আলোচনা করেছি।' ডিএমকে সাংসদ টি শিবা বলেছেন, 'মণিপুর সফরে যাওয়া ২১ জন সাংসদের প্রতিনিধি দল রাষ্ট্রপতির কাছে নিজেদের রিপোর্ট জমা দিয়েছে। মল্লিকার্জুন খাড়াগে এবং অধীর রঞ্জন চৌধুরী গোটা বিষয়ে রাষ্ট্রপতিকে জানান। আমরা রাষ্ট্রপতির কাছে একটা স্মারকলিপিও জমা দিয়েছি... রাষ্ট্রপতি বলেছেন তিনি বিষয়টি দেখবেন।'

ধলাই জেলা হাসপাতালে কার্ডিও কেয়ার ইউনিট স্থাপন

রাজ্যের অন্য জেলাতেও কার্ডিও কেয়ার ইউনিট স্থাপনের উদ্যোগ : মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। জিবিপি হাসপাতালের পর ধলাই জেলা হাসপাতালে কার্ডিও কেয়ার ইউনিট স্থাপন রাজ্যে উন্নত স্বাস্থ্য পরিষেবার সম্প্রসারণের ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। রাজ্যের অন্যান্য জেলাতেও কার্ডিও কেয়ার ইউনিট স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। আজ কুলাইস্থিত ধলাই জেলা হাসপাতালের কার্ডিও কেয়ার ইউনিটের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলাই জেলার জেলাশাসক ও সমাহর্তা ডাঃ সিদ্ধার্থ শিব জয়সওয়াল, ধলাই জেলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি সরকার, আমবাসা পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন গোপাল সূত্রধর, আমবাসা পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান অরুণ দেব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা

ডাঃ সুপ্রিয় মল্লিক। সভাপতিত্ব করেন আমবাসা বিএসি'র চেয়ারম্যান পরিমল দেববর্মা। জেলা হাসপাতাল প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যে স্বাস্থ্য পরিষেবার মান উন্নয়নে সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। এক ত্রিপুরা সুস্থ ত্রিপুরা গড়ে তোলার লক্ষ্যে সরকার কাজ করছে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের সমস্ত অংশের জনগণের কাছে উন্নত স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়া সরকারের অন্যতম অগ্রাধিকারের ক্ষেত্র। যারা আয়ুর্মান ভারত প্রকল্পের আওতায় আসেননি তাদের মুখ্যমন্ত্রী জনআরোগ্য যোজনার আওতায় নিয়ে আসা হবে। এজন্য বাজেটে আলাদা অর্থ বরাদ্দ রাখা হয়েছে। স্বাস্থ্যকর্মীদের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী বলেন, রোগীদের সঙ্গে ভালো ব্যবহার করতে হবে। স্বাস্থ্য পরিষেবাকে জনগণের আরও কাছে নিয়ে ৩৬ এর পাতায় দেখুন

অসুস্থ জাগরণ সম্পাদক আইসিইউতে ভর্তি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। জাগরণ পত্রিকার সম্পাদক পরিতোষ বিশ্বাস অসুস্থ হয়ে আই জি এম হাসপাতালে চিকিৎসাধীন। বৃহস্পতি বিকেলে হঠাৎই বুকে প্রচণ্ড ব্যথা অনুভব করায় সন্ধ্যার পর তাকে আইজিএম হাসপাতালে ভর্তি করােন হয়। বিশিষ্ট চিকিৎসক গৌতম দেববর্মার তত্ত্বাবধানে তার শারীরিক অবস্থা স্থিতিশীল রয়েছে। এদিকে গভীর রাতে জঙ্গল ভিত্তিতে রক্তের নমুনা পরীক্ষা ও অন্যান্য রিপোর্ট দেখে তাকে তড়িৎগতি আইসিইউতে স্থানান্তর করা হয়েছে।

বৃহস্পতিবার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। বৃহস্পতিবার পর ফের বৃহস্পতিবার শুনানির জন্য ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের সদস্যদের উপস্থিত থাকতে নির্দেশ দিয়েছেন হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোথ। পূর্ব ঘোষণা অনুযায়ী, বৃহস্পতিবার টিসিএ এর সদস্যদের হাইকোর্টে দুপুর সাড়ে ১২ টায় উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছিল। সেই অনুযায়ী বৃহস্পতিবার চলে শুনানি। এই বিষয়ে আইনজীবী শঙ্কর লোধ জানিয়েছেন, শুনানি চলাকালীন জেনারেল বডি'র সদস্যরা একদিনের সময় চেয়েছেন। তাই তাদের সময় দিয়েছে ৩৬ এর পাতায় দেখুন



ত্রিপুরা মাধ্যমিক পর্যায় পরিচালিত এবংছরের বছর বাঁচাও পরীক্ষা বৃহস্পতি থেকে শুরু হয়েছে। বৃহস্পতি নেতাজী সূভাষ বিদ্যালয়কতনে উচ্চ মাধ্যমিকের ৪২ জন এবং মাধ্যমিকের ১২ জন ছাত্র ছাত্রীরা বছর বাঁচাও পরীক্ষা দিয়েছে। ছবিঃ ৪ জন

কৈলাসহরের সীমান্ত এলাকায় চুরি পাচার, অবৈধ অনুপ্রবেশ অব্যাহত

নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২ আগস্ট। কৈলাসহর মহকুমার একাধিক গ্রামীণ এলাকায় ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের বেড়া কেটে অব্যাহত চলেছে চুরি, অনুপ্রবেশ ও পাচার। নীরব ভূমিকা পালন করে চলেছে সীমান্ত নিরাপত্তার দায়িত্বে থাকা বিএসএফের জওয়ানরা। তাতে স্বভাবতই আতঙ্কে নাগরিকরা। বিগত দুই মাস ধরে কৈলাসহর মহকুমার বিভিন্ন সীমান্ত গ্রামবাহিক চুরি, অনুপ্রবেশ ও পাচারের ঘটনা সংঘটিত হলেও বি.এস.এফের তেমন উল্লেখযোগ্য কোন ভূমিকা পরিলক্ষিত হচ্ছে না। বিশেষ করে বি.এস.এফ-এর ১৯৯ বাটেলিয়ান দায়িত্ব নেওয়ার পর থেকে অসুরক্ষিত হয়ে পড়ছে মহকুমার সীমান্ত গ্রামগুলি। বাদ যাচ্ছে না সীমান্ত লাগোয়া পুর পরিষদ এলাকাও। গতকাল গভীর রাতেও আন্তর্জাতিক সীমান্তের কাঁটাতারের বেড়া কেটে চন্ডিপুর ব্লকের অধীনে সমরুপার গ্রাম পঞ্চায়েতের ২ নং ওয়ার্ড এলাকার বাসিন্দা সাধন দেবের বাড়িতে প্রবেশ করে চোরের দল। গরু ঘরের বেড়া কেটে গরু চুরি করার চেষ্টা করে। যদিও বাড়ির লোকের তৎপরতায় চুরি করতে ব্যর্থ হয় চোরের দল। এলাকায় রাতিকালীন নিরাপত্তা ব্যবস্থা জোরপূর্ণ করার দাবি উঠেছে। এলাকাবাসীর তরফ থেকে বিষয়টি জেলাশাসক এবং জেলা আরক্ষা

প্রশাসনের কর্মকর্তাদের জানানো হয়েছে। উল্লেখ্য, সমরুপার গ্রাম পঞ্চায়েতের ১ নং ২নং এবং ৩ নং ওয়ার্ড এলাকাটি ভারত বাংলাদেশ সীমান্ত লাগোয়া। এই এলাকায় কাঁটাতারের বেড়া দেখেই সহজে অনুপ্রবেশ করা যায় যে, সীমান্ত রক্ষী জওয়ানরা নিজেদের কর্তব্য পালনে কতটা ব্যর্থ। শুধুমাত্র সমরুপার পাড় গ্রাম পঞ্চায়েত এলাকায়ই নয়, কৈলাসহর মহকুমার লাটিয়াপুরা, মাওরুলি, হীরাছড়া, মুতিছড়া, পুরপরিষদের ১ নং ওয়ার্ড এলাকা এখন আন্তর্জাতিক পাচারকারীদের স্বর্গ রাজ্যে পরিণত। ক্রমশ ফোটে ফুঁসছে স্থানীয়রা। সংবাদ মাধ্যমের দ্বারস্থ হয়ে বিজেপি চন্ডিপুর মন্ত্রণালয় এস.সি মোচার মণ্ডল সভাপতি তথা মন্ত্রী টিংকু রায়ের বিধানসভা কেন্দ্রের প্রতাবশালী নেতা তথা মন্ত্রী ঘনিষ্ঠ দুলাল কুমার দাস বলেন, এই এলাকায় বিগত এক থেকে দেড় মাস ধরে বিভিন্ন ধরনের পাচার বাণিজ্য চলছে, রোহিঙ্গা এবং বাংলাদেশীও প্রবেশ করছে অবৈধভাবে সমরুপার ভারত বাংলাদেশ সীমান্তের কাঁটাতারের বেড়া দিয়ে। পাশাপাশি অনেক গরু চুরি হয়েছে। ১৯৯ নং বাটেলিয়ান বি.এস.এফ জওয়ানদের ভূমিকা নিয়েও তিনি প্রশ্ন তুলেছেন তিনি বলেন এর আগে এমনটা হয়নি।

www.sisterspices.in

আবারও নৌকা প্রতিকের জন্য ভোট চেয়েছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি আওয়ামী লীগকে আবারও পেশ দেবার সুযোগ দেওয়ার আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, নৌকা প্রতিক্রমতায় এলে দেশের উন্নতি হয়, কৃষকের ভাগ্য পরিবর্তন হয়। নৌকা প্রতিক্রমতায় আছে বলেই ঘরে ঘরে বিদ্যুৎ গেছে। নৌকা প্রতিক্রমতায় আছে বলেই আজকে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। নৌকা প্রতিকে ভোট দিয়ে আওয়ামী লীগকে আবারও আপনাদের সেবা করার সুযোগ দেবেন, সেটাই আমি আপনাদের কাছে চাই।



মনির হোসেন, ঢাকা, আগস্ট ০২। বাংলাদেশের রংপুরের মহাসমাবেশে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি আওয়ামী লীগকে আবারও পেশ দেবার সুযোগ দেওয়ার আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, নৌকা প্রতিক্রমতায় এলে দেশের উন্নতি হয়, কৃষকের ভাগ্য পরিবর্তন হয়। নৌকা প্রতিক্রমতায় আছে বলেই ঘরে ঘরে বিদ্যুৎ গেছে। নৌকা প্রতিক্রমতায় আছে বলেই আজকে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। নৌকা প্রতিকে ভোট দিয়ে আওয়ামী লীগকে আবারও আপনাদের সেবা করার সুযোগ দেবেন, সেটাই আমি আপনাদের কাছে চাই।

বৃহবার বিকেলে বাংলাদেশের রংপুর জেলা স্কুল মাঠে তেমন কেউ নেই, মাত্র পাঁচতাশখ। আল্লাহর রহমতে সেটুকুও থাকবে না। কোনো মানুষ হতদরিদ্র থাকবে না। বিদেশ থেকে পুরাতন কাপড় আনতে বা পরতে হয় না জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, প্রত্যেক মানুষের কাপড় কেনার আর্থিক সচ্ছলতা এসে গেছে। আগে এক বেলা ভাত পেত না, এখন দুই বেলা, তিন বেলা খাবারের সুযোগ হয়ে গেছে। সেই ব্যবস্থা আমরা করছি। এদেশের কৃষক, এদেশের শ্রমিক, এদেশের

মেহনতি মানুষ, প্রত্যেক মানুষের ভাগ্য পরিবর্তনের জন্য আওয়ামী লীগ সরকার কাজ করে যাচ্ছে। যার সুফল আপনারা পাচ্ছেন, দেশের মানুষ পাচ্ছে। তিনি আরও বলেন, বাংলাদেশের মানুষ, বাংলাদেশের জনগণ আমার আপনজন, আমার সংসার। আপনারা আমার মতো খুঁজে পাই আমার বাবার মেহ, ভাইয়ের মেহ, বোনের মেহ। আপনারা দেশ যদি প্রয়োজন হয় বাবার মতো জীবন দিতেও প্রস্তুত আছি। মানুষের ভাগ্য উন্নয়নের জন্য জীবন দিতে প্রস্তুত আমি।

প্রধানমন্ত্রী বলেন, ১৯৮১ সালে বাংলাদেশে এসে এই রংপুর বিভাগের প্রতিটি জেলা, বলতে গেলে বিভিন্ন প্রত্যন্ত অঞ্চলে আমি ঘুরেছি। দেখেছি মানুষের হাহাকার। এককমর মিটিংয়ে আসলে দেখতাম, ছিন্ন, বস্ত্র, পেটে খাবার নেই, দরিদ্র মানুষ দেখেছি। আমাদের প্রতিজ্ঞা ছিল, যখনই সরকার গঠন করতে পারেন, এই মানুষের ভাগ্য আমরা পরিবর্তন করব। দেশের মানুষের জীবনমান উন্নত করব। আজকে অস্ত্র এটুকু বলতে পারি- আজকের বাংলাদেশে দরিদ্রতার হার কমাতে পেরেছি, ক্ষুধামুক্ত বাংলাদেশ করতে পেরেছি। রংপুর মহানগর আওয়ামী লীগের আহ্বায়ক ডা. দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সমাবেশে আরও বক্তব্য রাখেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের, বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি, আওয়ামী লীগের কোষাধ্যক্ষ এইচ এন আশিকুর রহমান। সমাবেশে শুভেচ্ছা বক্তব্য রাখেন রংপুর জেলা আওয়ামী লীগের আহ্বায়ক একে এম শাহাদাত হোসেন।

বুদ্ধবাবু নিয়ে ফের প্রতিক্রিয়া তথাগত রায়ের

কলকাতা, ২ আগস্ট (হি. স.) : বৃদ্ধদের ভট্টাচার্য সম্পর্কে বিভিন্ন দলের নেতৃত্বদের মধ্যে বিতর্কের মাঝে প্রাক্তন রাজ্যপাল তথাগত রায় টুইটারে লিখলেন, তিনি পরিস্থিতি বোঝেননি।

তথাগতবাবু লিখেছেন, “আবার বলছি: বামপন্থী হয়ে মিটিং, মিছিল, অবরোধ, ঘেরাও, ধর্মঘট, বনধ, খুন, জখম এই সব করা যায়। পশ্চিমবঙ্গের ভাল করা যায় না। করতে গেলে নন্দীগ্রামের গুলিচালনা, তাপসী মালিকের ধর্ষণ-হত্যার মতো ঘটনা ঘটে যায়। বুদ্ধবাবুর অসুস্থতার মধ্যেও বলতে বাধ্য হচ্ছি, এই কথাটা তিনি বোঝেন নি।”

নিরুপম বসাক নামে এক ব্যক্তি টুইটারে লিখেছেন, “বুদ্ধবাবু যদি মঞ্চের বাইরে গুপ্তচর বা গোপন ক্যামেরায় নজরদারি করতেন তাহলে মিথ্যা কথা শিল্পীর সব ভেঙে ধরা পড়ে যেত-বা যে সময় মঞ্চের গ্রীন রুম ভেঙেনে যাচ্ছে তখন কিছু ইদুর ছেড়ে দিলে ইদুরের উৎপাতে সব ভেঙে ধরা পড়ে যেত। এর থেকে প্রমাণিত বুদ্ধবাবু কুটনীতিক নয়। উনি তো কবি।”

নিরুপমবাবুর ভাষায়, “আসলে বুদ্ধবাবু হলেন বুদ্ধ বাবু। ওনার যদি বুদ্ধি থাকত তাহলে কালীঘাটের মিথ্যা কথা শিল্পী ২৭ দিন প্রীতি ভোজমূলক অনশন করতে পারতেন না। আর বাইরে ভজন গাইত না দিদি-মা-মাটি মানুষের জন্য অভুক্ত আমরন অনশন করতেন। প্রাক্তন সাংসদ দীপা দাসমুন্সী সংবাদ চ্যানেলে বলেছিলেন আমার খাবার দিতে যেতাম।” এই মন্তব্যের প্রেক্ষিতে তথাগতবাবুর উপরে মন্তব্য।

বারামুন্সায় গ্রেফতার লস্করের দুই হাইব্রিড জঙ্গি

শ্রীনগর, ২ আগস্ট (হি. স.): জন্ম ও কাশ্মীরের বারামুন্সায় জেলায় লস্কর ই-তৈয়া জঙ্গি সংগঠনের দুই হাইব্রিড জঙ্গিকে গ্রেফতার করল পুলিশ। ধৃত জঙ্গিদের নাম-ফয়সল মজীদ গনি ও মুরুল কামরান গনি। ধৃত জঙ্গিদের কাছ থেকে উদ্ধার হয়েছে এক পিস্তল, একটি পিস্তলের ম্যাগাজিন, চারটি তাজা গুলি ও একটি গ্রেনেড। বারামুন্সায় জেলার আজাদগঞ্জ এলাকা থেকে বৃহস্পতি দুই জঙ্গিকে গ্রেফতার করেছে পুলিশ।

পুলিশ জানিয়েছে, ইউএপিএ এবং অস্ত্র আইনের অধীনে এই দুই জঙ্গির বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে। বারামুন্সায় শহরে সন্ত্রাসীদের গতিবিধি সম্পর্কিত নির্দিষ্ট তথ্যের ভিত্তিতে এই গ্রেফতারি, স্বাধীনতা দিবসের আগে অথবা এই সময়ের

হিন্দু-মুসলিম বিভাজন নিয়ে বলপ্রয়োগের কথা লিখলেন তথাগত রায়



অশোক সেনগুপ্ত কলকাতা, ২ আগস্ট (হি. স.) : হিন্দু-মুসলিম বিভাজন নিয়ে বলপ্রয়োগের আশঙ্কিতার কথা লিখেছেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।

বৃহবার তিনি টুইটারে লিখেছেন, “হিন্দু-মুসলিম বিভাজন নিয়ে এক দীর্ঘ রাজনৈতিক ন্যাকামির পরিচ্ছেদ এবার শেষ করার সময় এসেছে। এই বিভাজন সত্য এবং বলপ্রয়োগ ছাড়া মিটার নয়। না হলে পশ্চিমবঙ্গের হিন্দুদের অবস্থা খুব শীঘ্রই কাশ্মীরি হিন্দুদের মতো হবে। একথা বুঝেছেন যোগী আদিত্যনাথ ও হিমন্ত বিশ্ব শর্মা। বিজেপি-র রাজ্য সভাপতি সুব্রত মজুমদার বলেছেন, “বাংলায় হিন্দু এবং মুসলিম সম্প্রদায়ের মধ্যে বিভাজন সৃষ্টির চেষ্টা করছে মমতা ব্যানার্জি এবং তার দলবল।” তার প্রেক্ষিতে ওই মন্তব্য তথাগতবাবুর। এর প্রেক্ষিতে তথাগতবাবু টুইটারে লিখেছেন, “তা তো করবেই, কারণ মুসলিমরা যে দিদিমার দুখেল গাই! কিন্তু মুসলিম স্বার্থ পশ্চিমবঙ্গে দেখার জন্য বহু পার্টি আছে, হিন্দুস্বার্থ দেখার জন্য শুধু বিজেপি আছে। এই হিন্দুস্বার্থ দেখার ব্যাপারটাতে কোনো ‘ডিলিভারিং হলে বাঙালি হিন্দুর সর্বনাশ তো বটেই, বিজেপিও পশ্চিমবঙ্গ থেকে উৎখাত হয়ে যাবে।”

তথাগতবাবু লিখেছেন, “এইজন্যই ন্যাকামি বলি। বীজ রোপণ হয়েছিল চোদ্দশো বছর আগে, সেই বীজের ফল খেয়ে পূর্ববাংলার সোয়া কোটি হিন্দু পথের ভিখারী হয়েছিল। যারা এখনো সেদেশে পড়ে আছে তাদের উঠতে বসতে শুনতে হয়, ‘মালাউনের বাচা, ইন্ডিয়ায় যা গিয়া’। তবু এপারের বাঙালি হিন্দু ন্যাকামি করেই চলেছে।”

সোমবার দলের রাজ্য সভাপতিত্বে ফোন করেছিলেন হুমায়ুন। প্রথমে প্রচারক প্রনয় কেশবজীর ছবি-সহ তথাগতবাবু টুইটারে লিখেছেন, “নিবেদিত প্রাণ মানুষটি নিজের দেন তীর জবাব যেন ক্রতভার সঙ্গে তৃণমূল ভবনে পৌঁছে দেওয়া হয়। রাজ্য তৃণমূলের সহ-সভাপতি জয়প্রকাশ মজুমদারের কাছে শো-কজের জবাব জমা দিতে বলেন তাঁকে।

সংঘের কাজে নিজেকে উৎসর্গ করেছিলেন। এর কাজের ফলেই আজকে বাঙালি হিন্দু নিজস্বদের প্রসূ প্রাণরক্ষার মতো আসন্ন সর্বনাশের আভাস পেয়েছে। এর সঙ্গে স্মরণ করি শ্রীকৃষ্ণ মতলঙ্গ, রামপ্রসাদ দাস শ্রীকৃষ্ণ মতলঙ্গের মতো। কেশবজী অমর রহে।”

এমএলএ হস্টেলের ফটকে চাকরীপ্রার্থীদের বিক্ষোভে ধুকুমার

কলকাতা, ২ আগস্ট (হি. স.) : এমএলএ হস্টেলের গেটের বাইরে বৃহবার বিক্ষোভ দেখাল ২০১৬ সালের এসএলএসটি চাকরিপ্রার্থীরা। টেনেহিঁড়ে তাঁদের সরায় পুলিশের। ঘটনাকে কেন্দ্র করে ধুকুমার পরিস্থিতি তৈরি হয় কিড স্ট্রিটে। বিক্ষুব্ধদের দাবি, বৃহস্পতি বিধানসভায় আলোচনা করতে হবে তাঁদের নিয়োগ নিয়ে।

বিক্ষোভকারীদের অভিযোগ, রাজ্যের অশান্তি থেকে মণিপুর, সব বিষয়ই উঠছে বিধানসভায়। কিন্তু কেউ তুলছে না চাকরি প্রার্থীদের প্রসঙ্গ। তাই বৃহবার সকালে কলকাতার কিড স্ট্রিটে এমএলএ হস্টেলের গেটে বসে পড়েন ২০১৬ সালের এসএলএসটি চাকরি প্রার্থীরা। বিক্ষোভকে কেন্দ্র করে স্বাভাবিকভাবেই উত্তপ্ত হয়ে ওঠে এলাকা। রাজ্যের নিয়ম সর্ব হন বিজেপি বিধায়ক নিলাধীশের দানা, শংকর যোবেরা। কামায় ভেঙে পড়েন চাকরী প্রার্থীরা।

বিক্ষোভকারীদের হঠাতে ময়দানে নামে পুলিশ। প্রথমে ৫ মিনিটের মধ্যে জায়গা খালি করার নির্দেশ দেওয়া হয়। কিন্তু তা মানতে রাজি হয়নি বিক্ষোভকারীরা। তাঁদের কথায়, “আমাদের এখানে থাকার কথা ছিল না। আমাদের স্কুলে যাওয়ার কথা ছিল। কিন্তু ৯০০ দিন ধরে বিক্ষোভে রাস্তায় আমরা। আমাদের কথা কেউ ভাবে না।”

সময়সীমা শেষ হওয়ার আগেই জবাব হুমায়ূনের

কলকাতা, ২ আগস্ট (হি. স.) : দলের তরফে কারণ দর্শানোর নোটসের জবাব দিলেন হুমায়ুন কবীর। মঙ্গলবার রাতে তৃণমূল ভবনে গিয়ে নিজের লিখিত জবাব জমা দিয়ে এসেছেন বলে জানিয়েছেন তিনি।

গত শনিবার রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা ভরতপুরের তৃণমূল বিধায়ককে শো-কজ করে চিঠি পাঠিয়েছিলেন তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বসী। সাত দিনের মধ্যে কারণ দর্শানোর জবাব দিতেও বলা হয়। সেই সময়সীমা মেনে আগামী শুক্রবারের মধ্যে এমএলএ হস্টেলের কথা ছিল হুমায়ূনের। কিন্তু সময়সীমা শেষ হওয়ার আগেই নিজের জবাব দলের সদর দফতরে পৌঁছে দিলেন ভরতপুরের বিধায়ক।

সোমবার দলের রাজ্য সভাপতিত্বে ফোন করেছিলেন হুমায়ুন। প্রথমে প্রচারক প্রনয় কেশবজীর ছবি-সহ তথাগতবাবু টুইটারে লিখেছেন, “নিবেদিত প্রাণ মানুষটি নিজের দেন তীর জবাব যেন ক্রতভার সঙ্গে তৃণমূল ভবনে পৌঁছে দেওয়া হয়। রাজ্য তৃণমূলের সহ-সভাপতি জয়প্রকাশ মজুমদারের কাছে শো-কজের জবাব জমা দিতে বলেন তাঁকে।

মমতার অনুপ্রেরণায় রাজভবনে দুর্নীতি বিরোধী সেল, ঘোষণা রাজ্যপালের

কলকাতা, ২ আগস্ট (হি. স.) : ‘যদি কেউ টাকা নেয়, তাঁর ছবি তুলে আমাকে পাঠাবেন’। বৃহবার এমএলএসটি চাকরিপ্রার্থীদের একটি বিবৃতি পাঠ করলেন রাজ্যপাল সিডি আনন্দ বোস।

বৃহবার সকালে রাজভবনে তিনি উপস্থিত সাংবাদিকদের এই বিবৃতি শোনান। এরপর রাজ্যপাল পাঁচটা প্রশ্ন করেন, এই বিবৃতি কার ? পরে নিজেই বলেন, ‘কোচবিহারে এই বিবৃতিটি দিয়েছিলেন আমার সাংবিধানিক সহকর্মী, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।’

মুখ্যমন্ত্রীর এমএলএসটি চাকরিপ্রার্থীদের এই বিবৃতি নিয়ে তিনি এদিন দুর্নীতি বিরোধী সেল খুললেন বলে জানালেন রাজ্যের সাংবিধানিক প্রধান। এর আগে পঞ্চায়েত নির্বাচনের সময় সন্ত্রাস সংক্রান্ত অভিযোগ খতিয়ে দেখতে শাস্তিকক্ষ খুলেছিলেন রাজ্যপাল। সেখানে প্রায় সাড়ে তিন হাজার অভিযোগ জমা পড়ে। রাজ্যপাল পরে রাজ্য নির্বাচন কমিশনকে নির্দেশ দেন, এই সমস্ত অভিযোগ কলকাতা হাইকোর্টে জানাতে হবে।

বৃহবার সকালে রাজভবনে দুর্নীতি বিরোধী সেল খুললেন বলে জানালেন রাজ্যের সাংবিধানিক প্রধান। এর আগে পঞ্চায়েত নির্বাচনের সময় সন্ত্রাস সংক্রান্ত অভিযোগ খতিয়ে দেখতে শাস্তিকক্ষ খুলেছিলেন রাজ্যপাল। সেখানে প্রায় সাড়ে তিন হাজার অভিযোগ জমা পড়ে। রাজ্যপাল পরে রাজ্য নির্বাচন কমিশনকে নির্দেশ দেন, এই সমস্ত অভিযোগ কলকাতা হাইকোর্টে জানাতে হবে।

বৃহবার সকালে রাজভবনে দুর্নীতি বিরোধী সেল খুললেন বলে জানালেন রাজ্যের সাংবিধানিক প্রধান। এর আগে পঞ্চায়েত নির্বাচনের সময় সন্ত্রাস সংক্রান্ত অভিযোগ খতিয়ে দেখতে শাস্তিকক্ষ খুলেছিলেন রাজ্যপাল। সেখানে প্রায় সাড়ে তিন হাজার অভিযোগ জমা পড়ে। রাজ্যপাল পরে রাজ্য নির্বাচন কমিশনকে নির্দেশ দেন, এই সমস্ত অভিযোগ কলকাতা হাইকোর্টে জানাতে হবে।

বৃহবার সকালে রাজভবনে দুর্নীতি বিরোধী সেল খুললেন বলে জানালেন রাজ্যের সাংবিধানিক প্রধান। এর আগে পঞ্চায়েত নির্বাচনের সময় সন্ত্রাস সংক্রান্ত অভিযোগ খতিয়ে দেখতে শাস্তিকক্ষ খুলেছিলেন রাজ্যপাল। সেখানে প্রায় সাড়ে তিন হাজার অভিযোগ জমা পড়ে। রাজ্যপাল পরে রাজ্য নির্বাচন কমিশনকে নির্দেশ দেন, এই সমস্ত অভিযোগ কলকাতা হাইকোর্টে জানাতে হবে।

মণিপুর নিয়ে কড়া মন্তব্য তথাগত রায়ের

অশোক সেনগুপ্ত কলকাতা, ২ আগস্ট (হি. স.) : মণিপুর নিয়ে কড়া মন্তব্য করলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।

বৃহবার তিনি টুইটারে লিখেছেন, “যে সব লোক জানত না মণিপুর কোথায়, সেখানে কি করে যেতে হয়, তারাও মণিপুর নিয়ে হাউ হাউ করছে। কেবল যেটা বলছে না তা হল, এই সমস্যার সমাধান কিভাবে হবে ? এর মধ্যে মণিপুরের আভ্যন্তরীণ মৌঁত-কুকি জড়িত বিরোধ, মাদক ব্যবসা, মায়ানমার থেকে অনুপ্রবেশ, সব জড়িয়ে আছে। মামলা ইতনা সরল নেই হায় উ আমার বিনীত নিবেদনে এখন মণিপুরে আফসোস (এএসপিএসএ) শরণ নিয়ে চণ্ডীনাট্য চালাবার সময় হয়েছে। উইউ কিলার প্রেস্ট করে সমস্ত আফিম চাষ নষ্ট করে দিতে হবে। মিয়ানমার সীমান্ত সুরক্ষিত করতে হবে। এবং, যারা নিজের রাজ্য সামলাতে পারে না কিন্তু মণিপুর নিয়ে ফপরালালি করে, তাদের মণিপুরে ঢুকতে দেওয়া চলবে না।

বাড়ছে শিশুপাচার, সেইসঙ্গে লড়াইও



কলকাতা, ২ আগস্ট (হি. স.) : কোভিডের পর পশ্চিমবঙ্গে শিশুপাচারের ঘটনা দ্বিগুণ। এই বছরেই আরও বাড়তে পারে।

কলকাতা, ২ আগস্ট (হি. স.) : কোভিডের পর পশ্চিমবঙ্গে শিশুপাচারের ঘটনা দ্বিগুণ। এই বছরেই আরও বাড়তে পারে।

কলকাতা, ২ আগস্ট (হি. স.) : কোভিডের পর পশ্চিমবঙ্গে শিশুপাচারের ঘটনা দ্বিগুণ। এই বছরেই আরও বাড়তে পারে।

কলকাতা, ২ আগস্ট (হি. স.) : কোভিডের পর পশ্চিমবঙ্গে শিশুপাচারের ঘটনা দ্বিগুণ। এই বছরেই আরও বাড়তে পারে।

কলকাতা, ২ আগস্ট (হি. স.) : কোভিডের পর পশ্চিমবঙ্গে শিশুপাচারের ঘটনা দ্বিগুণ। এই বছরেই আরও বাড়তে পারে।

কলকাতা, ২ আগস্ট (হি. স.) : কোভিডের পর পশ্চিমবঙ্গে শিশুপাচারের ঘটনা দ্বিগুণ। এই বছরেই আরও বাড়তে পারে।

কলকাতা, ২ আগস্ট (হি. স.) : কোভিডের পর পশ্চিমবঙ্গে শিশুপাচারের ঘটনা দ্বিগুণ। এই বছরেই আরও বাড়তে পারে।

দুর্নীতির অভিযোগের সাফাই দিতে সাংবাদিক সম্মেলনে উদ্যোগী নুসরত

কলকাতা, ২ আগস্ট (হি. স.) : দুর্নীতির অভিযোগের সাফাই দিতে সাংবাদিক সম্মেলনে উদ্যোগী নুসরত জাহানের।




কলকাতা, ২ আগস্ট (হি. স.) : দুর্নীতির অভিযোগের সাফাই দিতে সাংবাদিক সম্মেলনে উদ্যোগী নুসরত জাহানের।


কলকাতা, ২ আগস্ট (হি. স.) : দুর্নীতির অভিযোগের সাফাই দিতে সাংবাদিক সম্মেলনে উদ্যোগী নুসরত জাহানের।

কলকাতা, ২ আগস্ট (হি. স.) : দুর্নীতির অভিযোগের সাফাই দিতে সাংবাদিক সম্মেলনে উদ্যোগী নুসরত জাহানের।

হরেকরকম



হরেকরকম



হরেকরকম

বাসি মাংস দিয়ে নতুন কী কী পদ বানাতে পারেন?



বাসি খাবার যত কম খাওয়া যায়, ততই ভাল। কিন্তু না চাইতেও অনেক সময়ে খাবার বেঁচে যায়। ইদানীং ওজন বেড়ে যাওয়ার ভয়ে আবার পরিমাণে কম খান অনেকে। ফলে বাড়িতে যা রান্না হয়, অনেক সময় তা অধিকাংশই বেঁচে যায়। বাসি খাবার শরীরের জন্য স্বাস্থ্যকর নয় ঠিকই, তবে আগের রাতে রান্না করা মাংস যদি বেঁচে যায়, তা হলে ফেলে না দিয়ে বরং বানিয়ে নিতে পারেন নতুন কোনও পদ।

বাসি মাংস দিয়ে নতুন কী কী পদ বানাতে পারেন?

চিকেন স্যান্ডউইচ
কড়াইয়ে সামান্য তেল দিয়ে ঝোলমাখানো মাংসের টুকরোগুলি খুঁটি দিয়ে নেড়ে ভর্তার মতো করে নিন। তার পর স্লাইস পাউরুটি স্টেকে নিয়ে মাঝে

চিকেনের এই পুর ভরে দিন। পাতলা করে কেটে শসা, টোম্যাটোও দিতে পারেন। চাইলে চিজ দিতে পারেন। তবে না দিলেও অসুবিধা নেই। এমনিই ভাল লাগবে।

চিকেন পরোটা
আগের রাতে বাসি চিকেন দিয়েই সকালের সুস্বাদু জলখাবার হতে পারে। মাংসের টুকরোগুলি ছিঁড়ে ময়দার সঙ্গে মেখে নিন। চাইলে ময়দা মাখার সময়ে জোয়ান ছিটিয়ে দিতে পারেন। খাওয়ার সময়ে মুখে পড়লে ভাল লাগবে। গোল করে বেলে ভেজে নিন। আচারের সঙ্গে বেশ খেতে লাগবে।

চিকেন নুডলস
একধায়ে স্বাদের নুডলসের বদলে চিকেন দিয়ে একটু অন্য রকম কিছু বানিয়ে নিতে পারেন।

পেঁয়াজ কুচি, রসুন, সবুজ লঙ্কা আর মাংস ছিঁড়ে ছিঁড়ে দিয়ে হালকা করে ভেজে নিন। তার পর সেন্দ্র করা নুডলস দিয়ে ভাল করে মিশিয়ে নিলেই তৈরি সুস্বাদু জলখাবার।

চিকেন পোলাও
গোবিন্দভোগ চাল, দারচিনি, লবঙ্গ, কাজু-কিশমিশ কমবেশি সকলের হেঁশেলেই থাকে। বেঁচে যাওয়া মাংস দিয়ে চটজলদি বানিয়ে নিতে পারেন পোলাও। একটু ঘি ছড়িয়ে দিলেই অনবদ্য স্বাদ হবে।

চিকেন রোল
বর্ষায় মোগলাই, রোল খেতে মন চায়। তবে দোকান থেকে কিনে খাওয়ার চেয়ে বাড়িতেই বানিয়ে নিতে পারেন। বাসি মাংস ফেলে না দিয়ে তা দিয়েই সুস্বাদু রোল বানিয়ে নিন। শিশুকে টিফিনেও দিতে পারেন। খুশি হবে।

পাকা পেঁপে কেটে রাখলেই নষ্ট হয়ে যায়? দীর্ঘক্ষণ ভাল রাখবেন কোন উপায়ে?



স্বাস্থ্য এবং স্বাদের একসঙ্গে যত্ন নেওয়া কঠিন। তবে নিয়ম করে যদি পেঁপে খাওয়া যায়, তা হলে এই কাজটি অনেক সহজ হয়ে যায়। রোজের ডায়েটে পেঁপে রাখার কথা বলেন পুষ্টিবিদরাও। পেঁপেতে রয়েছে নানা পুষ্টিগুণ। বিশেষ করে পাকা পেঁপে খাওয়ার অভ্যাস সত্যিই ভীষণ কার্যকরী। অনেকেই অন্যান্য ফলের সঙ্গে টিফিনে পেঁপে নিয়ে যান।

সকালে তাড়াহুড়ে। এড়াতে রাতেই ফল কেটে রাখেন। তবে সে ক্ষেত্রে পেঁপে দীর্ঘক্ষণ টাটকা

রাখতে কয়েকটি নিয়ম মেনে চলা জরুরি।

ফ্রিজে রাখুন
ফ্রিজে রাখতে হলে ফ্রিজে রাখতে পারেন। পেঁপেগুলি টিস্যু পেপারে মুড়িয়ে কৌটোতে ভরে ফ্রিজে তুলে রাখুন। খাওয়ার অনেক ক্ষণ আগে বার করে নেবেন না। মিনিট দশেক আগে বাইরে রাখলেই হবে। তা হলে পেঁপে নষ্ট হয়ে যাওয়ার ভয় নেই।

খবরের কাগজ জড়িয়ে রাখুন
যতটুকু বাবেন সেটুকু কেটে নিয়ে

বাকি অংশটি খবরের কাগজে মুড়িয়ে ফ্রিজে তুলে রাখুন। খবরের কাগজে মুড়িয়ে রাখলে ২-৩ দিন পর্যন্ত ভাল থাকবে পেঁপে। কাঁচা এবং পাকা দু'রকম পেঁপের ক্ষেত্রেই এই নিয়ম প্রযোজ্য।

বায়ুনিরোধী কৌটোতে রাখুন
পেঁপে অনেক ক্ষণ টাটকা এবং সতেজ রাখতে চাইলে বায়ুনিরোধী কোনও কৌটোতে ভরে ড্রিপ ফ্রিজে রাখুন। যে কৌটোতে পেঁপে রাখছেন সেটি পরিষ্কার হওয়া জরুরি। তবে পেঁপে খাওয়ার আগে ফ্রিজ থেকে বার করে ঠাণ্ডা ছাড়িয়ে নিন। পেঁপে এমনিতেই ঠাণ্ডা। তার উপর সরাসরি ফ্রিজের পেঁপে খেলে সর্দি-কাশির ঝুঁকি থেকে যায়।

খোসা-সহ রাখুন
পেঁপে টাটকা রাখতে চাইলে খোসা-সহ রাখুন। খোসাসমেত রাখলে ফল সহজে নষ্ট হয় না। টুকরো করে রাখলেও খোসা-সহ রাখুন। খাওয়ার আগে খোসা ছাড়িয়ে নিন।

বর্ষাকাল বলে নয়, সারা বছরই ঘন ঘন চাদর বদলানো জরুরি

শরীরচর্চা ছাড়াও সুস্থ থাকার আরও একটি ধাপ হল বিছানার চাদর পরিষ্কার রাখা। টানটান করে চাদর পাতা পরিপাটি বিছানায় গা এলিয়ে দিতেই দু'চোখে ঘুম জড়িয়ে আসে। তবে শুধু তো ব্যবহার করলে চলাবে না, পরিষ্কারও করতে হবে। একটি চাদর সাধারণত সপ্তাহখানেকের বেশি ব্যবহার করা ঠিক নয়। এক সপ্তাহ অন্তর চাদর কাচলে ভাল। অপরিষ্কার চাদরে ঘুমোলে স্বপ্নের নানা সমস্যাও দেখা দেয়। একই চাদর দীর্ঘ দিন ধরে ব্যবহার করার ফলে স্বপ্নের কোন সমস্যাগুলি মাথাচাড়া দিয়ে ওঠে? প্রণ বাইরে তেলমশলা

দেওয়া খাবার খাওয়া, জল কম খাওয়া, শরীরচর্চা না করার মতো কিছু অভ্যাস হল প্রণর অন্যতম কারণ। তবে এগুলি ছাড়াও নোংরা চাদরে ঘুমোনের কারণেও কিন্তু প্রণ হতে পারে। অযত্ন থাকা যে কোনও জিনিসেই ব্যাক্টেরিয়া বাসে বাঁধে। স্বপ্নের কোনো সেই ব্যাক্টেরিয়া সংক্রমণের ফলেই প্রণ হয়। খুব ভাল হয়, যদি দু'দিন অন্তর বিছানার চাদর কেচে নেন।

ছত্রাকঘটিত সংক্রমণ পরিষ্কার না করে অনেক দিন ধরে একই চাদর ব্যবহার করে গেলে স্বপ্নে ছত্রাকঘটিত সংক্রমণের ঝুঁকি থেকে যায়। এমনিতেই বর্ষায় এই ধরনের

রোগাবলিই হওয়ার প্রবণতা বেশি থাকে। তার উপর এমন অস্বাস্থ্যকর অভ্যাস সেই ঝুঁকি আরও বাড়িয়ে তোলে। তবে বর্ষাকাল বলে নয়, সারা বছরই ঘন ঘন চাদর বদলানো জরুরি। অ্যাক্সিট ফুট ছত্রাকঘটিত সংক্রমণের আরও একটি দিক হল অ্যাক্সিট ফুট। এতে শরীরের বিভিন্ন অংশে চাকা চাকা দাগ দেখা দেয়। অপরিচ্ছন্ন চাদর থেকে এই ধরনের সংক্রমণ ছড়ায়। স্বপ্নের এই সমস্যা এক বার দেখা দিলে সহজে সারতে চায় না। তাই ঝুঁকি না নিয়ে এই বর্ষায় পারলে দু-তিন দিন অন্তর চাদর পাল্টে দিন।

ডাল-চিংড়ির চচ্চড়ি

রোজের খাবারে ডাল না থাকলে মুখ ভার হয়ে যায় অনেকের। কেউ কেউ খাবারের শুরুতে ডাল খেলেও অনেকেই আবার ডাল খান একেবারে শেষপাতে। তবে রোজকার পাতলা ডাল-ভাতের বদলে যদি বানানো যায় ডালের চচ্চড়ি, তা হলে কেমন হয়? চচ্চড়ি তো সজির বা মাছের হয় বলে শুনেছেন। কিন্তু ডালের চচ্চড়ি, সে আবার হয় নাকি!

আলবাত হয়। আর ডালের সঙ্গে যদি ঘটে চিংড়ির মেলবন্ধন, তা হলে তো কথাই নেই। চটজলদি বানিয়ে ফেলুন ডাল-চিংড়ির চচ্চড়ি। ডালের এই রেসিপি কেবল ভাতের সঙ্গেই নয়, রুটি কিংবা পরোটার সঙ্গেও জমবে ভালই। স্বাদ বদল করতে বাড়িতে বানিয়ে ফেলুন এই সহজ পদ। সামান্য কয়েকটি উপকরণ দিয়েই বানিয়ে ফেলা যায় এই পদটি।

উপকরণ: ডাল-চিংড়ির চচ্চড়ি।
মুসুরির ডাল: ২৫০ গ্রাম
কুচো চিংড়ি: ২০০ গ্রাম
পেঁয়াজ কুচি: ৬ টেবিল চামচ
আদা-রসুন বাটা: ২ টেবিল চামচ
টম্যাটো কুচি: ৬ টেবিল চামচ
কাঁচা লঙ্কা: ৪টি
হলুদ গুঁড়ো: ১ চামচ

লঙ্কা গুঁড়ো: ১ চামচ ধনে গুঁড়ো: ২ চামচ
শুকনো লঙ্কা: ২টি
গোটা গরম মশলা: ৫ গ্রাম
গরম মশলার গুঁড়ো: ১ চামচ
সর্ষের তেল: ৩ টেবিল চামচ
নুন-চিনি: স্বাদ মতো যি: ১ চামচ
প্রণালী: কড়াইয়ে সর্ষের তেল গরম করে চিংড়িগুলি ভেজে তুলে নিন। সেই তেলেই গোটা গরম মশলা ও শুকনো লঙ্কা ফোড়ন দিয়ে পেঁয়াজ কুচি, আদা-রসুন বাটা, কাঁচা লঙ্কা ও টম্যাটো দিয়ে ডাল করে কষিয়ে নিন। মশলার কাঁচা গন্ধ চলে গেলে তাতে সব রকম গুঁড়ো মশলা দিয়ে আরও কিছু ক্ষণ নাড়াচাড়া করুন। মশলা থেকে তেল ছেড়ে এলে ভেজে রাখা চিংড়িগুলি মিশিয়ে দিন। তার পর ভিজিয়ে রাখা ডাল দিয়ে ভাল করে নাড়াচাড়া করুন। স্বাদ মতো নুন-চিনি দিন। এ বার সামান্য জল দিয়ে কড়াই ঢেকে দিন। মিনিট পরের পর ঢাকা খুলে দেখুন। ডাল ঘন হয়ে এলে গরম মশলা গুঁড়ো আর যি ছড়িয়ে গ্যাসের আঁচ বন্ধ করে দিন। গরম ভাত কিংবা রুটির সঙ্গে পরিবেশন করুন ডাল-চিংড়ির চচ্চড়ি।



ক্ষতিগ্রস্ত চুল কি আবার আগের মতো ঝলমল করে উঠতে পারে

গত বছর পূজোর আগে কায়দা করে চুল সোজা করিয়েছিলেন। মাস দুয়েক চুল বেশ ভাল ছিল। চুলের জেঞ্জা, মসৃণ ভাব সকলের ঈর্ষার কারণ হয়ে দাঁড়িয়েছিল সেই সময়ে। কিন্তু কিছু দিন পর থেকেই শুরু হল সমস্যা। কোনও কারণ ছাড়াই মূঠো মূঠো চুল হাতে উঠে আসছে। নামী-দামী তেল মেখে, বিভিন্ন "ট্রিটমেন্ট" করিয়েও কোনও লাভ হচ্ছে না। বিশেষজ্ঞেরা বলছেন, তাপ দিয়ে চুলের প্রোটিনের বন্ড এক বার নষ্ট হয়ে গেলে তা কোনও ভাবেই আর ফিরিয়ে আনা সম্ভব নয়। এর পর থেকেই চুলের যাবতীয় ক্ষয়ক্ষতির শুরু হয়।

চুলে অতিরিক্ত তাপ লেগে উগা ফেটে যেতে পারে। চুলেরও নিজস্ব চক্র আছে। সেই চক্রের একেবারে শেষ পর্যায়ে থাকা চুলের উপর কায়দা করলে ক্ষতির আশঙ্কা সবচেয়ে বেশি। কারণ, অতিরিক্ত তাপে চুলের স্থিতিস্থাপকতা বা "ইলাস্টিসিটি" নষ্ট হয়। চুলের গোড়া আলগা হয়ে পড়ে। এই অবস্থায় অনেকেরই মনে হতে পারে চুলের স্বাস্থ্য ফিরিয়ে আনতে কী করা যেতে পারে? চুল নিয়ে গবেষণা করেন জ্যামিন লিম। তাঁর মতে, শুধু কায়দা করলেই যে চুলের স্বাস্থ্য নষ্ট হয়, তা নয়। চুল শুকোতে নিয়মিত ড্রাই করলেও কিন্তু একই ভাবে চুলের ক্ষতি হতে পারে। চুলের প্রতিটি স্ট্র্যান্ড কেরাটিন নামক একটি প্রোটিন দিয়ে তৈরি।

স্থিতিস্থাপকতা বজায় রাখে আলফা হেলিক্স নামক যৌগ। মাত্রাতিরিক্ত তাপ এই যৌগটি নষ্ট করে দেয়। ফলে চুলের স্বাভাবিক জেঞ্জা তা নষ্ট হয়েই, সঙ্গে ফলিকলেও এর প্রভাব পড়ে। কোন কোন লক্ষণ দেখলে বুঝবেন চুলের ক্ষতি হয়েছে?

১) কেরাটিন ট্রিটমেন্ট কিংবা ব্লো ড্রাই করার পরে চুল অতিরিক্ত শুষ্ক হয়ে পড়তে পারে। চুলের স্বাভাবিক জেঞ্জা ধরে রাখে কিউটিকল। তা-ও ক্ষতিগ্রস্ত হতে পারে।

২) চুলের উগা ভেঙে যাওয়া, চুল নিষ্প্রাণ হয়ে পড়ার মতো লক্ষণ দেখা দিতে পারে অতিরিক্ত তাপের কারণে।

৩) সামান্য হাওয়া দিলেই চুল উল্লম্ব হয়ে পড়তে পারে। কিন্তু এই ক্ষতির লক্ষণ। কেঁকড়ানো চুল বেশি রাখা সমস্যার হলেও সোজা চুলে এমন সমস্যা হওয়ার কথা নয়।

৪) যথেষ্ট তেল মাখার পরেও যদি সমানের চুলে জট পড়তে থাকে, তা হলে বুঝতে হবে, তা অতিরিক্ত তাপ লাগার ফলে হচ্ছে।

৫) সাধারণ ভাবে ৫০ থেকে ১০০টি চুল প্রতি দিন মাথা থেকে ঝরে পড়তেই পারে। কিন্তু অনেক সময়ে পরিমাণটি বেড়ে ২০০ থেকে ৩০০-তে পৌঁছে যায়। বিশেষজ্ঞেরা বলছেন, অতিরিক্ত তাপ লাগার ফলে এই পরিমাণ চুল ঝরে পড়া স্বাভাবিক।



আগের দিনের রেখে দেওয়া রুটি ফেলে না দিয়ে খেয়ে নেবেন কেন

মধ্যবিত্ত বাড়িতে একটা সময়ে সকালের জলখাবারে বাসি রুটি আর দুধ-চা খাওয়ার চল ছিল। কিন্তু এখন তো খাবার ধরনও বদলে গিয়েছে। তাই বাসি রুটির নাম শুনেলে নাক কঁচুকে ফেলে তরণ প্রজন্ম। কিন্তু জানেন কি, বাসি রুটি খেলে শরীরের ক্ষতি হওয়ার কোনও আশঙ্কা তো নেই-ই, বরং নিয়মিত বাসি রুটি খেলে ভাল থাকবে স্বাস্থ্য।

এমনকি টাটকা রুটির চেয়েও বাসি রুটি অনেক বেশি উপকারী। বিশেষ করে খাঁরা দুধ-রুটি খেতে ভালবাসেন, তাঁরা অবশ্যই দুধ দিয়ে খান বাসি রুটি!

১) রক্তচাপ এবং শর্করা নিয়ন্ত্রণে আনার কি উচ্চ রক্তচাপের সমস্যা রয়েছে? এই সমস্যা এখন প্রায় প্রতিটি ঘরেই। দুধের সঙ্গে বাসি রুটি খেলে নিয়ন্ত্রণে থাকবে



এই অসুখ। অন্য দিকে ডায়াবিটিসের জন্যও উপকারী বাসি রুটি। কারণ বাসি রুটি রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখে।

২) পেটফীপার সমস্যায় বদহজম কিংবা পেটের সমস্যায় জেরবার? দুধ দিয়ে খান বাসি রুটি। কারণ বাসি রুটিতে থাকা ফাইবার হজমশক্তি বাড়াবে সাহায্য করে। এমনকি নিয়মিত

কোষ্ঠকাঠিন্যে ভুগলেও বাসি রুটি হতে পারে তার সহজ সমাধান।

৩) ওজন বরাতে সহজে রোগ হওয়ার নানা উপায় তো রয়েছেই। তবে বাসি রুটির ক্যালোরি টাটকা রুটির চেয়ে কম। অবিশ্বাস্য হলেও এ কথা সত্যি। তাই খাঁরা সহজে ওজন বরাতে চাইছেন, তাঁরা বাসি রুটি খেয়ে দেখতেই পারেন।

মেদ ঝরানো থেকে আর্থ্রাইটিসের ব্যথা কমানো, কী ভাবে ঘি খেলে মিলবে উপকার?

গরম ভাতের সঙ্গে এক চামচ ঘিয়ের মেলবন্ধনে অপরূপ স্বাদ তৈরি হয়। তবে ঘি যে শুধু স্বাদে এবং গন্ধে অভুলনীয়, তা নয়। ঘিয়ের স্বাস্থ্যগুণও বিপুল। ঘিের রয়েছে সুস্থ থাকার মন্ত্র। অ্যান্টিঅক্সিড্যান্ট, ভিটামিন, মিনারেলস সমৃদ্ধ ঘি রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে তোলে, শরীরের প্রতিটি পেশি শক্তিশালী করে, বাড়তি মেদ ঝরায়, হাড় মজবুত করে, শরীরের প্রতিটি কোষ সচল রাখে।

এক চামচ ঘি কিন্তু জীবন বদলে দিতে পারে। সুস্থ থাকতে তাই ঘি হতে পারে অন্যতম ভরসা।

বিরিয়ানি, পোলাও, নিরামিষ নানা তরকারির অন্যতম উপকরণ হল ঘি। মাঝেমাঝেই এই ধরনের খাবার রেস্টুরাঁ অথবা বাড়িতে খাওয়া হয়ই। তবে তার মানে এই নয় যে, ঘি দিয়ে রান্না করা খাবার খেলেই সুস্থ থাকা সম্ভব। ঘি শুধু খেলেই হবে না। খেতে হবে নিয়ম মেনে। তবেই ওজন নিয়ন্ত্রণে রাখা যাবে। আর্থ্রাইটিসের ব্যথা কমাতে।



ধাক্কা দিয়ে মেলানো। কী ভাবে ঘি খেলে তবেই মিলবে উপকার? ঘি খেতে হবে খালি পেটে। তবে সবচেয়ে বেশি উপকার পাওয়া যাবে। খালি পেটে ঘি খেলে ঠিক কী কী উপকার পাওয়া যায়?

১) হজম ক্ষমতা শক্তিশালী করতে ঘি উপকারী। ঘি খেলে বাইটিক অ্যাসিড হজমক্ষমতা বাড়িয়ে তোলে। ফলে ঘি খেলে হজমের সমস্যা হয়, এ কথা মোটেই ঠিক নয়। বরং হজমক্ষমতা উন্নত করতে ঘিয়ের জুড়ি মেলা ভার।

২) শরীরের বাড়তি মেদ ঝরাতে

ঘিয়ের জুড়ি মেলা ভার। ঘি ওজন নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে। ওজন হাতের মুঠোয় রাখতে ঘি সত্যিই উপকারী। ঘি মেদ গলাতে সাহায্য করে।

৩) দুগ্ধশক্তি ভাল রাখতেও ঘি বেশ উপকারী। চোখ জ্বালা, চোখ থেকে জল পড়ার মতো সমস্যা থেকে বাঁচতে ঘি হতে পারে অন্যতম উপকরণ।

৪) পেশি এবং হাড় মজবুত করে ঘি। রোজ এক চামচ করে ঘি খাওয়ার অভ্যাস থাকলেও বার্ষিক হাঁটু ব্যথা, পায়ে ব্যথা নিয়ে ভাবতে হবে না।

বেগুন খেলেই গলা সুড়সুড় করে



শিউড়ির সঙ্গে বেগুন ভাজা, রুটি বা পরোটার সঙ্গে বেগুন ভর্তা। খেতে তো ভালই লাগে। যদিও পুষ্টিবিদেরা বলছেন, ফাইবার, পটাশিয়াম, ভিটামিন বি৬ এবং অন্যান্য নানা বায়োঅ্যাক্টিভ যৌগে ভরপুর এই সজির রক্ত সঞ্চালন ভাল রাখা থেকে ফ্রি র্যাডিকালের হাত থেকে ঝককে রক্ষা করা সবই করতে পারে বেগুন। তা সত্ত্বেও কিন্তু অ্যালার্জির ভয়ে অনেকেই বেগুন খেতে পারেন

বেগুন থেকে অ্যালার্জি হচ্ছে কি না, বুঝবেন কী করে? খাবার থেকে অ্যালার্জি হলে সাধারণত যা যা হতে পারে, বেগুন খেলেও তা-ই হয়। স্বপ্নে যঁশ বেরোনো, গলার ভিতর এবং বাইরে অস্বস্তি হওয়া, চোখ লাল হয়ে যাওয়া, শরীরের বিভিন্ন অংশে ফুলে যাওয়ার মতো লক্ষণ দেখা যায়। কারণ অ্যালার্জির পরিমাণ এতটাই বেড়ে যায় যে, শ্বাসনালি ফুলে গিয়ে শ্বাসরোধ হয়ে যেতে পারে। চিকিত্সকেরা বলছেন, কিছু ক্ষেত্রে এই অ্যালার্জি কিন্তু প্রাণের ঝুঁকিও বাড়িয়ে তুলতে পারে। বেগুন খেলে কাদের অ্যালার্জি হতে পারে? বিভিন্ন গবেষণায়

দেখা গিয়েছে, যাদের টোম্যাটো, আলু এবং বেল পেপারের মতো সজির খেলে অ্যালার্জি হয়, তাঁদের বেগুন খেলেও সেই একই রকম সমস্যা হতে পারে। এই ধরনের সজিরে "স্যালিসাইলেট" নামক এক ধরনের রাসায়নিক থাকে। যা শরীরে বিষের মতো কাজ করে। চিকিৎসা পরিভাষায় যাকে "স্যালিসাইলেট টক্সিসিটি" বলা হয়। বেগুন খেয়ে অ্যালার্জি হলে কী করবেন? চিকিত্সকের পরামর্শ অনুযায়ী "অ্যান্টিহিস্টামিন" জাতীয় ওষুধ খাওয়াই ভাল। তবে তার মাত্রা কেমন হবে, তা নিজে থেকে ঠিক করে নেওয়া উচিত হবে না।

মহিলাদের আর্থিক ক্ষমতায়ন প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করে : প্রধানমন্ত্রী মোদী



নয়াদিল্লি, ২ আগস্ট (হি.স.): মহিলাদের আর্থিক ক্ষমতায়ন প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করে। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, মহিলারা যখন উন্নতি লাভ করে, তখন পৃথিবীও উন্নতি লাভ করে। ভারতের জি-২০ সভাপতিত্বে গুজরাটের গান্ধীনগরের মহাত্মা মন্দিরে আয়োজিত "নারীর ক্ষমতায়ন বিষয়ে জি-২০ মন্ত্রী পর্যায়ে সম্মেলন"-এ প্রধানমন্ত্রী বলেছেন, "ভারত মহিলাদের ক্ষমতায়নে অগ্রগতি করছে। মহিলাদের সঙ্গে, বিশ্ব সমৃদ্ধ হচ্ছে। নির্বাচিত কর্মকর্তাদের ৪৬ শতাংশ নারী। ভারতে ৮০ শতাংশের বেশি নার্স এবং মিডওয়াইফ নারী।" বৃহত্তর ভার্চুয়ালি এই সম্মেলনে অংশ নিয়ে প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, "এখন পুরুষদের তুলনায় নারীরা উচ্চ শিক্ষায় বেশি নাম

লেখাচ্ছেন। ভারতে আমাদের সিভিল এভিয়েশনে মহিলা পাইলটদের সংখ্যা বেশি রয়েছে এবং ভারতীয় বিমান বাহিনীতে মহিলা পাইলটরা এখন ফাইটার এয়ারক্রাফট ওড়েছেন। অপারেশনাল ভূমিকায় নারী অফিসারদের মোতায়েন করা হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মুর প্রসঙ্গে উত্থাপন করে প্রধানমন্ত্রী বলেছেন, "ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু নিজেই একটি অনুপ্রেরণামূলক উদাহরণ স্থাপন করেছেন। তিনি একটি মহ উপজাতীয় পটভূমি থেকে এসেছেন, কিন্তু এখন বিশ্বের বৃহত্তম গণতন্ত্রের নেতৃত্ব দিচ্ছেন এবং বিশ্বের দ্বিতীয় বৃহত্তম প্রতিরক্ষা বাহিনীর কমান্ডার-ইন-চিফ হিসাবে কাজ করছেন।"

বৃষ্টির সৌজন্যে পারদ নামল কিছুটা, কলকাতা-সহ দক্ষিণবঙ্গে ভারী বর্ষণের সতর্কতা

কলকাতা, ২ আগস্ট (হি.স.): বৃষ্টির সৌজন্যে পারদ কিছুটা নামল কলকাতায়, তবে স্বাভাবিকের নীচে এখনও নামেনি। যদিও স্তম্ভ ফিরেছে। এই পাশাপাশি বৃষ্টি হলেই চলেছে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়। বৃহত্তর সর্বকালেরও বিক্ষিপ্তভাবে বৃষ্টি হয়েছে কলকাতা লাগোয়া বিভিন্ন জেলায়, মাঝেমাঝে আবার রোদ-বৃষ্টির মধ্যে খেলাও হয়েছে। বৃহত্তর কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিক।

ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়, বইতে পারে দমকা হাওয়া। উত্তর-পূর্ব বঙ্গোপসাগরে অতি গভীর নিম্নচাপ তৈরি হয়েছে, তার প্রভাবেই ভারী বর্ষণের পূর্বাভাস জারি করা হয়েছে। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, দক্ষিণ ২৪ পরগনা, দুই মেদিনীপুর, ঝাড়গ্রামের দু'একটি এলাকায় ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে। কলকাতা, উত্তর ২৪ পরগনা, হাওড়া, ঝালি, দুই বর্ধমান, বাঁকড়া, পুরুলিয়াতেও ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। নদিয়া, মুর্শিদাবাদ, বীরভূমের দু'একটি এলাকায় ভারী বৃষ্টি হতে পারে।

এখনও থমথমে হরিয়ানার নুহ; জারি ১৪৪ ধারা, মোবাইল ইন্টারনেটও বন্ধ

চণ্ডীগড়, ২ আগস্ট (হি.স.): স্বাভাবিক ছন্দে ফিরতে হয়তো আরও কিছু দিন সময় লাগবে, এখনও থমথমে রয়েছে হরিয়ানার নুহ। জারি হয়েছে ১৪৪ ধারা, মোবাইল ইন্টারনেটও বন্ধ রয়েছে বৃহত্তর। বিভিন্ন স্থানে মোতায়েন রয়েছে পুলিশ ও নিরাপত্তা বাহিনী। নতুন করে আর কোনও অশান্তির ঘটনা ঘটেনি, পরিস্থিতি এখন মোটামুটি নিয়ন্ত্রণে। উল্লেখ্য, গত ৩১ জুলাই ধর্মীয় শোভাযাত্রাকে ঘিরে দুই গোষ্ঠীর মধ্যে সংঘর্ষের জেরে অশান্ত ও উত্তপ্ত হয়ে ওঠে হরিয়ানার নুহ। গুরুগ্রাম এবং মূল ঘটনাস্থল নুহ (মেওয়াটা) জেলায় সোমবার রাত থেকেই ১৪৪ ধারা জারি করা হয়। নুহতে বৃহত্তর জারি হয়েছে ১৪৪ ধারা, মোবাইল ইন্টারনেট পরিষেবাও বন্ধ রয়েছে। গুরুগ্রামের বাদশাপুরে র্যাপিড অ্যাকশন ফোর্স (আরএএফ) বাহিনী ফ্ল্যাগ মার্চ করছে। গুরুগ্রামের এসিপি বরুণ দাহিয়া (অপরাধ) বলেছেন, "সমস্ত স্কুল, কলেজ এবং কর্মক্ষেত্র স্বাভাবিকভাবে কাজ করছে। যানবাহনের চলাচলে কোনও

প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য অনেকটাই ভালো আছেন, বৃদ্ধি পেয়েছে অক্সিজেন লেভেলও



কলকাতা, ২ আগস্ট (হি.স.): আগের চেয়ে অনেকটাই ভালো আছেন প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। তবে সংক্রমণ এখনও রয়েছে, তাই বিপদ পুরোপুরি কাটেনি। এই মধ্যে প্রাক্তন মুখ্যমন্ত্রী চিকিৎসকদের বলতে শুরু করেছেন, তাঁকে এ বার ছেড়ে দেওয়া হোক। কিন্তু এই মুহূর্তে তাঁকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়ার কথা ভাবছেনই না চিকিৎসকেরা। এইমধ্যে আশার কথা হল, প্রাক্তন

মুখ্যমন্ত্রীর শরীরে কার্বন-ডাই-অক্সাইডের মাত্রা কমার পাশাপাশি, বেড়েছে অক্সিজেন লেভেল। চিকিৎসকরা আশাব্যস্ত, তিনি ধীরে ধীরে সুস্থতার পথে যাচ্ছেন। আচ্ছন্নভাবে পুরোপুরি কেটে গিয়েছে প্রাক্তন মুখ্যমন্ত্রীর। বেশিরভাগ সময় বিছানায় বসে অক্সিজেন নিচ্ছেন তিনি। সময় কাটছে সঙ্গে থাকা সহকারীর সঙ্গে গল্প করে। এর মাঝেই একটানা বাইপ্যাপের মাস্ক পড়ে থাকা চিকিৎসকদের কাছে

জোড়া ভূমিকম্প অনুভূত আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, কম্পাঙ্ক যথাক্রমে ৫.০ ও ৪.৮



পোর্টব্ল্যায়ার, ২ আগস্ট (হি.স.): দু'ঘণ্টার ব্যবধানে দু'বার ভূমিকম্পে কেঁপে উঠল আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ। বৃহত্তর সকাল ৫.৪০ মিনিট নাগাদ প্রথমে ৫.০ তীব্রতার ভূকম্পন অনুভূত হয় আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ। এরপর সকাল ৬.৩৭ মিনিট নাগাদ ৪.৮ তীব্রতার ভূমিকম্প অনুভূত হয়। উভয় ভূমিকম্পের উৎসস্থল ছিল ভূপৃষ্ঠের মাত্র ১০ কিলোমিটার গভীরতায়।

কোনও খবর পাওয়া যায়নি তবে, জেরে আন্দামান ও নিকোবর জোরালো তীব্রতার ভূমিকম্পের দ্বীপপুঞ্জে আতঙ্ক তৈরি হয়। **রেললাইনে ধস, মেন লাইনে শিয়ালদহ-নৈহাটি শাখায় ট্রেন চলাচল ব্যাহত** কলকাতা, ২ আগস্ট (হি.স.): শিয়ালদহ ও বিধাননগর স্টেশনের মাঝে রেললাইনে নামল ধস। কীকুড়গাছি রেল কেবিনের কাছে মেন লাইনের পাশে ধস নামে। রাতভর প্রবল বৃষ্টিতে ধসে যায় লাইনের ধারের মাটি। এর জেরে বৃহত্তর মেন লাইনে শিয়ালদহ-নৈহাটি শাখায় ট্রেন চলাচল ব্যাহত হয়েছে। কয়েকটি লোকাল ট্রেন বাতিল করা হয়েছে। বেশ কিছু ট্রেন অন্য লাইনে গিয়ে চালাতে হচ্ছে। মঙ্গলবার সারারাত প্রবল বৃষ্টি হয়েছে, আর এই বৃষ্টির জেরেই শিয়ালদহ ও বিধাননগর স্টেশনের মাঝে রেললাইনে ধস নামে। রেল সুত্রের খবর, কীকুড়গাছি রেল কেবিনের কাছে মেন লাইনের পাশে ধস নামে। এর জেরে মেন লাইনে শিয়ালদহ-নৈহাটি শাখায় ট্রেন চলাচল ব্যাহত হয়েছে। কয়েকটি লোকাল ট্রেন বাতিল করা হয়েছে।

বিধি ২৬৭-র অধীনে ৬০টি নোটিশ

নয়াদিল্লি, ২ আগস্ট (হি.স.): মণিপুর হিংসার ঘটনায় আলোচনার দাবি জানিয়ে বিধি ২৬৭-র অধীনে রাজ্যসভায় জমা পড়েছে ৬০টি নোটিশ, কিন্তু রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড় আলোচনার দাবি প্রত্যাখ্যান করেছেন, এরপরই বিরোধী দলগুলি রাজ্যসভা থেকে একযোগে ওয়াকআউট করে। বৃহত্তর রাজ্যসভার অধিবেশন শুরু হওয়ার পর থেকেই সদনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতির দাবি জানাতে থাকেন বিরোধীরা।

মণিপুর ইস্যুতে প্রধানমন্ত্রীকে বিবৃতি দিতে হবে, এই স্লোগান দিতে থাকেন "ইন্ডিয়া" জোটের সাংসদরা। তখন রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড় বলেছেন, চেয়ার থেকে নির্দেশ জারি করা হবে না - 'আমি সেই নির্দেশ দিতে পারি না। আমি দেন না...।' মণিপুর ইস্যুতে এদিন উত্তাল হয়েছে লোকসভাও। সংসদের নিম্নকক্ষও একই চিত্র ধরা পড়েছে। হাইকোর্টের মধ্যে দুপুর দু'টো পরাশ্র মূলত্ব হয়ে যায় রাজ্যসভার অধিবেশন।

কৌশল নিয়ে শীর্ষ মন্ত্রীদের সঙ্গে বৈঠক প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ২ আগস্ট (হি.স.): শান্তি ফিরছেই না সংসদে, সংসদের চলতি বর্ষাকালীন অধিবেশন মণিপুর ইস্যুতে উত্তাল। এই পরিস্থিতিতে সরকারের কৌশল ঠিক করতে বৃহত্তর সকালে সংসদে শীর্ষ মন্ত্রীদের সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। চলতি বাদল অধিবেশনে সরকারের কৌশল নিয়ে এদিন আলোচনা হয়েছে বলে মনে করা হচ্ছে। বৃহত্তর সকালের বৈঠকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং, অমিত শাহ, প্রহ্লাদ যোশী, অনুরাগ সিং ঠাকুর, পীযুষ গোগোয়েল, নীতীন গড়কড়ি, নির্মলা সীতারমন ও অর্জুন রাম মেঘওয়াল প্রমুখ। এদিকে, নিজদের মধ্যে আবারও একপ্রহ বৈঠক সারল বিরোধীরা। সংসদে রাজ্যসভার দলতো তথা কংগ্রেস সভাপতি মন্ত্রিকার্ত্তন খাড়গের চেয়ারে বৈঠক করেছেন সমমনোভাবাপন্ন বিরোধী দলের নেতারা। বৈঠকে উপস্থিত ছিলেন শরদ পওয়ার, ফারুক আব্দুল্লাহ, ডেরেক ও'রায়ন, সূদীপ বন্দ্যোপাধ্যায়, সঞ্জয় সিং, রাঘব চাড্ডা ও শশী থাকুর প্রমুখ।

ডিপিএলের প্রশাসনিক ভবনের সামনে বিজেপি সমর্থকরা বিক্ষোভ

দুর্গাপুর, ২ আগস্ট (হি.স.): তাদের মাঠে বিজেপিকে সভা করার অনুমতি দিল না ডিপিএল কর্তৃপক্ষ। বৃহস্পতিবার ওই সভায় ভাষণ দেওয়ার কথা রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর। প্রতিবাদে বৃহত্তর ডিপিএলের প্রশাসনিক ভবনের সামনে বিজেপি সমর্থকরা বিক্ষোভ দেখান। এই অবস্থায় বিজেপি নেতারা বৃহত্তর সাফ জানিয়ে দিয়েছেন, রাজ্য সরকার বা ডিপিএল কর্তৃপক্ষ সভার অনুমতি দিক বা না দিক, কাল সভা হবেই। পঞ্চায়তে ভোটে সন্ত্রাস, দুর্গাপুর কর্পোরেশনের ভোট ক্রত করা সহ বিভিন্ন দাবিতে দুর্গাপুরের গ্যান্ডাম রিজ সংলাপ ময়দানে বৃহস্পতিবার সভার আয়োজন করেছে বিজেপি। দুর্গাপুর পশ্চিম কেম্বের বিজেপি বিধায়ক লক্ষ্মণ ঘোড়াইয়ের অভিযোগ, বিভিন্ন রাজনৈতিক দলকে ওই ময়দানে সভা করার অনুমতি দিলেও রাজ্যের প্রধান বিরোধী দল বিজেপিকে অনুমতি দিতে টালবাহানা করছে ডিপিএল কর্তৃপক্ষ। এমনকী পুলিশের অনুমতিও মিলছে না। তাঁর দাবি, শুভেন্দু অধিকারীর সভা ওই ময়দানে অনুষ্ঠিত হলে জনপ্রবনে পরিণত হবে। রাজ্যের প্রধান বিরোধীদের প্রতি মানুষের এই সমর্থনকে মেনে নিতে পারছে না শাসক দল। তাই ডিপিএল কর্তৃপক্ষ সভা করতে অনুমতি দিচ্ছে না। লক্ষ্মণ জানান, ডিপিএল অনুমতি দিক বা না দিক নির্দিষ্ট দিনেই নির্দিষ্ট সময় মেনে ওই ময়দানে সভা হবে।

রায়গড়ের স্টুডিওতে আত্মঘাতী শিল্প নির্দেশক নীতিন দেশাই, শোকে ছায়া চলচ্চিত্র জগতে



রায়গড়, ২ আগস্ট (হি.স.): অসংখ্য হিন্দি-মাারাটি ছবির শিল্প নির্দেশক নীতিন চন্দ্রকান্ত দেশাই আত্মঘাতী হয়েছেন, এমনটাই মনে করছে পুলিশ। বৃহত্তর মহারাষ্ট্রের রায়গড় জেলার কারজাটে এন ডি স্টুডিও থেকে উদ্ধার হয়েছে 'লগান', 'দেবদাস' খ্যাত আর্ট ডিরেক্টর নীতিন দেশাইয়ের দেহ। কী কারণে এই চরম পদক্ষেপ নিলেন তা এখনও স্পষ্ট নয়। নীতিনের অকালেই চলে যাওয়ায় শোকে ছায়া চলচ্চিত্র মহলে। 'লগান', 'দেবদাস', 'যোধা আকবর'-এর মতো বহু সিনেমার স্টে ডিজাইন করেছেন তিনি। বুলিতে রয়েছে চার-চারটি জাতীয় চন্দ্রকান্ত দেশাই। আটের দশকে আত্মহত্যা করেছেন অভিজ্ঞ এই

চলচ্চিত্র কর্মী। নীতিন দেশাইয়ের মৃত্যু প্রসঙ্গে মহারাষ্ট্রের বিধায়ক মহেশ বালদি বলেছেন, 'তিনি আর্থিক দুর্ভাবস্থার মধ্যে ছিলেন এবং এটিই আত্মহত্যার একমাত্র কারণ হতে পারে।' রায়গড়ের পুলিশ সুপার বলেছেন, আমরা কারজাটে এন ডি স্টুডিও থেকে আর্ট ডিরেক্টর নীতিন দেশাইয়ের বুলন্ত মৃতদেহ উদ্ধার করেছি। সেটের এক কর্মী পুলিশকে বিষয়টি জানায়। পুলিশের টিম স্টুডিওতে পৌঁছেলে তাঁরা বুলন্ত দেহ দেখতে পান। এই মামলার সমস্ত দিক খতিয়ে দেখতে আমরা মামলাটি আরও তদন্ত করছি। মুম্বইয়ে জন্ম প্রখ্যাত আর্ট ডিরেক্টরের। পুরো নাম নীতিন চন্দ্রকান্ত দেশাই। আটের দশকে মুম্বইয়ের ফিল্ম সিটি থেকে

কেরিয়ার শুরু করেন। নীতিন রায়ের সহকারী হিসেবে কাজ করেছেন। মুম্বইয়ের গ্লোমার জগতে নীতিনের কদর বাড়়ে '১৯৪২: আল ভিক্টোরি' হিট হওয়ার পর থেকে। এরপর আর পিছনে ফিরে তাকাইনি বলিউডের নামজাদা আর্ট ডিরেক্টর। হিন্দির পাশাপাশি মাারাটি ছবিতেও কাজ করেছেন নীতিন। তাঁর বুলিতে রয়েছে 'খামোশি: দ্য মিউজিক্যাল', 'কামসূত্র: আ টেল অফ লাভ', 'করীব', 'সালাম বম্বে', 'দ্য লেজেন্ড অফ ভগৎ সিং'-এর মতো বহু হিট সিনেমা। 'লগান', 'দেবদাস', 'হাম দিল দে চুকে সনম' আর 'ডব্লিউ বাবাসাহেব আশ্বকর' সিনেমার জন্য জাতীয় পুরস্কার পেয়েছেন নীতিন।

সারারাতের বৃষ্টিতে জল জমল তিলোত্তমায়, দুর্ভোগে মহানগরীর নাগরিকবৃন্দ



কলকাতা, ২ আগস্ট (হি.স.): নিম্নচাপের বৃষ্টিতে জলজম হয়ে পড়ল কলকাতার উত্তর থেকে দক্ষিণ, স্বাভাবিকভাবেই দুর্ভোগে পড়লেন মহানগরীর নাগরিকবৃন্দ। এক রাতের টানা বৃষ্টিতে কোথাও গোড়ালি ডোবানো জল, কোথাও আতঙ্ক। কোথাও কোথাও বড়িভেঙে জল ঢুকেছে। বরাবরের ঢাকুরিয়ায় বিতর্পিত এলাকায় জল

জমেছে। ঢাকুরিয়া ব্রিজ, ঢাকুরিয়া স্টেশন রোড, ঢাকুরিয়া বাজার, জল ঠেলে যাতায়াত করতে হচ্ছে। আর এই জল পেরিয়ে যাওয়ার সময়ই মানুষের মনে ফিরছে খোলা ম্যানহোলের ভয় বা খোলা ইলেকট্রিক তার পড়ে থাকার আতঙ্ক। কোথাও কোথাও বড়িভেঙে জল ঢুকেছে। বরাবরের মতো জল জমেছে সেন্ট্রাল

অ্যাভিনিউয়ের বেশ কিছু জায়গায়। তবে এখনও জল জমার পরিস্থিতি কোথাও ভাবনায় জায়গায় পৌঁছয়নি। রাতভর বৃষ্টির পর বৃহত্তর সকালে মুখ ভার আকাশের উত্তর বঙ্গোপসাগরে তৈরি হয়েছে অতি গভীর নিম্নচাপ। যার জেরে কলকাতা-সহ দক্ষিণবঙ্গে ভারী বৃষ্টি চলাছে। বৃষ্টি যদি আরও বাড়়ে, তাহলে ভোগান্তিও বাড়়তে পারে।

বৌজানো জলাশয় অবিলম্বে পরিস্কারের নির্দেশ আদালতের

দক্ষিণ ২৪ পরগনা, ২ আগস্ট (হি.স.): বারইপুরের ৪ নম্বর প্লটফর্মের কাছে অভিযোগ ওঠা একটি জলাশয় অবিলম্বে পরিস্কার করার নির্দেশ দিল আদালত। এই ব্যাপারে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানমের পরবেক্ষণ, জলাশয়ের একটা অংশ যে ময়লা খেলে বুজিয়ে দেওয়া হয়েছে সে ব্যাপারে কোনও সন্দেহ নেই। যদি জলাশয় কোনও ক্লাবের তরফে আবর্জনা ফেলা হয়, তাহলে সেটা পরিষ্কার করার খরচ দিতে হবে ক্লাবকেই। এমনই নির্দেশ দিয়েছেন তিনি। বারইপুরের একটি নির্দিষ্ট জলাশয়ে ময়লা ফেলে বুজিয়ে দেওয়ার অভিযোগে মামলা হয়েছিল আদালতে। সেই মামলায় গুরুত্বপূর্ণ পরাবেক্ষণ প্রধান বিচারপতির মামলায় মূল অভিযোগ ছিল, বারইপুর প্লটফর্ম সংলগ্ন প্রায় ৩০ বিঘা জলাশয় চক্রান্ত করে বুজিয়ে ফেলার চেষ্টা করছে স্থানীয় প্রগতি সঙ্ঘ ক্লাব। আর তাতে বারইপুর পুরসভা সাহায্য করছে বলেও অভিযোগ করা হয়। এই মর্মে জনস্বার্থ মামলা দায়ের হয় কলকাতা হাইকোর্টে। ওই জলাশয়ের পরিস্থিতি খতিয়ে দেখার জন্য ৩ সপ্তাহ সময় দিয়েছেন প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। শুধু জলাশয় নয়, তার আশপাশের এলাকাও আবর্জনামুক্ত করতে ২ মাস সময় দেওয়া হয়েছে। ক্রত বাবে পরিষ্কার করার কাজ হয়, সেই দায়িত্ব দেওয়া হয়েছে ইস্টার্ন রেলওয়ের জেনারেল ম্যানেজারের প্রতিনিধি, দক্ষিণ ২৪ পরগনার জেলাশাসকের প্রতিনিধি, বারইপুরের বিডিও, দুর্ঘটনানগর পর্যদের প্রতিনিধি এবং স্থানীয় পুরসভার প্রতিনিধিদের। যৌথভাবে জলাশয়ের পরিস্থিতি দিকে নজর রাখার কথা বলা হয়েছে ডিভিশন বেঞ্চের নির্দেশ, ক্লাব বা যে কোনও বেসরকারি প্রতিষ্ঠান যদি জলাশয়ে ময়লা ফেলার জন্য দায়ী হয়, তাহলে তাদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ করতে পারেন জেলাশাসক। জঞ্জাল পরিষ্কারের খরচও তাদের কাছ থেকেই চাওয়া হবে বলে নির্দেশ দেওয়া হয়েছে।

দুর্নীতির অভিযোগ অস্বীকার করে সাফাই নুসরতের


কলকাতা, ২ আগস্ট (হি.স.): "আমি বাড়ির জন্য খণ নিয়েছিলাম, সেই ঋণ যথা সময়ে সুদ সমেত ফেরত দিয়েছি আমি। আমার কাছে সমস্ত নথি রয়েছে।" মঙ্গলবার এই ভাষাতেই তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করলেন অভিনেত্রী তথা তুণমূল সাংসদ নুসরত জাহান। কোটি কোটি টাকা নিয়ে, ফ্লাট না দিয়ে, ওই টাকায় নিজের বিলাসবহুল ফ্লাট কেনার অভিযোগ উঠেছিল তুণমূল সাংসদ নুসরতের বিরুদ্ধে। বিজেপির উদ্যোগে এই নিয়ে ইন্ডির কাছে অভিযোগ জানিয়েছিলেন অভিযোগকারীরা। বর্তমানে নুসরত জাহান ডিরেক্টর নেই। দাবি করলেন অভিযুক্ত সংস্থা অন্যতম ডিরেক্টর রাকেশ সিংহ। আইনজীবীদের সঙ্গে কথা বলেই, অভিযোগের জবাব দেবেন নুসরত, জানিয়েছিলেন তাঁর ম্যানেজার। সেই মতো কলকাতা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলন করেন নুসরত।

ডেঙ্গির রাশ টানতে বিশেষ ব্যবস্থা, পুর উদ্যোগে ছাড়া হল গাঙ্গি মাছ

হাওড়া, ২ আগস্ট (হি.স.): হাওড়ায় ডেঙ্গি আক্রান্তের সংখ্যা বাড়়েছে। সেই সঙ্গে বাড়়েছে আতঙ্ক। তাই এবার ডেঙ্গি মোকাবিলায় তৎপর হল হাওড়া পুরসভা। বৃষ্টি শুরু হতেই কর্পোরেশন এলাকায় ডেঙ্গি আক্রান্তের সংখ্যা

বাড়়েছে। ওয়ার্ডগুলিতে অনেকেই ডেঙ্গি ডেঙ্গি আক্রান্ত হচ্ছেন। মোকাবিলায় পুরসভা ওয়ার্ডে ওয়ার্ডে চলাচ্ছে সচেতনতামূলক প্রচারণ। বিভিন্ন এলাকায় নর্দমায় ছোট জলাশয়গুলোতে ছাড়া হচ্ছে গাঙ্গি মাছ। বৃহত্তর এই মাছ ছাড়ার

প্রক্রিয়া শুরু করল পুরসভা। পুর কমিশনার ধরল জৈন-কে সঙ্গে নিয়ে কর্পোরেশনের মুখ্য প্রশাসক সঞ্জয় চক্রবর্তী হাওড়া পুরসভা অর্থাৎ এক্বেবের নিজ দফতরের লাগোয়া নর্দমায় এই মাছ ছেড়ে এদিন এই কর্মসূত্র সূচনা করেন।



e-Tender is hereby invited & GBPI Agartala, Vipura from resourceful, experientees! and bonatide licensed manula pplicr/dealer/distribuior for "Supply, Installation, Pesting, Demonstration & Information System cum Software interfacing of equipments (Turnkey P Hospital, Tripura.)" he details of tender, list of antity and 'lender Documents are made available on website huts tip f submission of the tender documents by online up to 18 08 2023 w 05:00 portal. So, bidders are requ rigendum shall be made available in the e procurement ves from the c procurement web portal only.

Executive cum Member Osher
Medical Superintendent & Hold
AGMC & GBP Hospital, Agartais.

NOTICE INVITING e-TENDER

PNIE-T No. 36/EE/PNIE-T/MECH.DIVN/AGT/2023-24 Dated : 25/07/2023

The Executive Engineer, Mechanical Division, PWD, Agartala on behalf of the 'Governor of Tripura', invites online item rate e-tender in single bid system from Original Equipment Manufacturer (OEM) of Lift/ Original Equipment Manufacturer (OEM) authorized service provider or the firm having license/authorization issued by Government for maintenance of lifts or any reputed firm having specified experience in maintenance of lifts for the following work:-

SL.NO	NAME OF THE WORK	ESTIMATED COST	EARNST MONEY	TIME FOR COMPLETION	LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING	TIME AND DATE OF OPENING OF BID
1	Providing, Installation and Commissioning of 1(one) No. Machine room less (MRL) lift of 8 (eight) passenger (544 kg) capacity passenger elevator up to G+2 level at newly constructed Circuit house at Dharmnagar, North Tripura during the year 2022-23(4 th call).	₹ 22,53,916.00	₹ 45,078.00	Five years Six months	Up to 15.00 Hrs On 25/07/2023.	At 15.30 Hrs on 14/08/2023.

DNIEtNo106./EE/DNIEt/MECH.DIVN/AGT/2022-23.

Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal <https://tripuratenders.gov.in>

Executive Engineer
Mechanical Division, PWD
Agartala

ICA/C-1678/23

PRESS NOTICE INVITING e- TENDER (PNIT)

For and on Behalf of the Governor of Tripura, e-Tender in Two Bid System is hereby invited from Manufacturer/Authorized suppliers and distributors for the Supply of Fishery input -Fish Feed Floating Pelleted to the different blocks of Sabroom sub-division of Tripura for implementation of pisciculture scheme, meeting the pre-qualifying criteria for the supply mentioned below through online bidding on the website <https://tripuratenders.gov.in> having Digital Signature Certificate (DSC) issued from any agency authorized by Controller of Certifying Authority (CCA), Govt. of India and which can be traced up to the chain of trust to the Root Certificate of CCA.

NIT No.	Item for which e-tender is invited	Estimated Quantity (in MT)	Estimated Tender Value (in Rs.)	Necessary Dates & Time
F.No-3(36)-SF/(SBM)SAT/E-TENDER/2023-24/1792	Fish Feed Floating Pelleted	30.0 MT	10.50 lakhs	Bidding Document can be downloaded from 01/08/2023 16.00 hrs. Last Date of Online submission of e-tender: Up to 18/08/2023 till 15.00 hrs. Tim as per clock time of e-procurement website https://tripuratenders.gov.in

The detailed press notice & bid documents for the above can be seen on website <https://tripuratenders.gov.in>

All the future modifications /corrigendum (if any) shall be made available in the e-procurement portal. So, bidders are requested to get the update themselves from the e-procurement web portal only.

(WATSON REANG)
SUPTD. OF FISHERIES
SABROOM, SOUTH TRIPURA

ICA/C-1688/23

PRESS NOTICE INVITING e-TENDER NO: 08/EE-JRN/PWD/2023-24 Dated: 01-08-2023

The Executive Engineer, Jirania Division, PWD(R&B) Jirania invites percentage rate e-tenders online for the works below:-

SL.NO	NAME OF THE WORK	ESTIMATED COST	ESTIMATED TENDER VALUE	TIME FOR COMPLETION	TENDER FEE	LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING	TIME AND DATE OF OPENING OF BID	CLASS OF BIDDER
1	Construction of a new 10 (ten) bedded Primary Health Centre(PHC) building (single storied) including 4 (four) nos. staff quarters (Type-II quarter-4 units (one block-twin double storey) & Kitchen at Khayerpur under Old Agartala Block, West Tripura under NHM / SH; Building portion including internal water supply, Sanitary installation, Sewage and Drainage works.	₹ 68,19,428.00	₹ 7,36,389.00	70 (seven hundred twenty) Days	₹ 8,000.00	Up to 15.00 Hrs 31-08-2023	At 15.30 Hrs on 31-08-2023	Appropriate Class
2	"Construction of 08 (eight) nos. staff quarters (Type-I quarter - 04 units (one block - twin-double storey) and Type-II quarter - 04 units (one block - twin-double storey)] at Bonakhil PHC, West Tripura District under NHM / SH; Building portion including internal water supply, sanitary installation, sewage and drainage works."	₹ 2,02,28,401.00	₹ 4,04,568.00	40 (four hundred eighty) Days	₹ 8,000.00	Up to 15.00 Hrs 31-08-2023	At 15.30 Hrs on 31-08-2023	Appropriate Class
3	Construction of Hostel for Students/Researchers of TTAADC Polytechnic Institute, Khamuwag, West Tripura District, Tripura under CAFES-NER Scheme of the AICTE/ SH; Construction of (G+1) storied Hostel Building/ Building portion including internal water supply, Sanitary Installation, Sewage & Drainage works.	₹ 3,31,32,928.00	₹ 4,62,659.00	450 (four hundred fifty) Days	₹ 8,000.00	Up to 15.00 Hrs 31-08-2023	At 15.30 Hrs on 31-08-2023	Appropriate Class

Bid document can be seen in the website <https://tripuratenders.gov.in>. W.e.f 02-08-2023 to 31-08-2023 and last date of downloading and submission of bid is 31-08-2023 upto 3.00 pm.

Submission of Tenders physically is not permitted.

For and on behalf of the Governor of Tripura

Executive Engineer
Jirania Division, PWD(R&B)
Jirania, West Tripura

ICA/C-1697/23

অপরাজিত চ্যাম্পিয়ন নাইন বুলেটস রানার্স ব্লাডমাউথ, বি-ডিভিশন সম্পন্ন

নাইন বুলেটস: ৭ নবোদয় সংঘ: ০

মহিলা : সুপারলিগ ফুটবল টুর্নামেন্ট*

দল	ম্যা: জ: ড্র: প: গোল প:
স্পোর্টস স্কুল	২ ১ ১ ০ ৫-২ ৪
জম্পুইজলা	১ ১ ০ ০ ২-১ ৩
ফুলো বানু	২ ০ ১ ১ ৩-৪ ১
কিল্লা মর্নিং	১ ০ ০ ১ ০-৩ ০

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। অপরাজিত চ্যাম্পিয়ন নাইন বুলেটস। বি-ডিভিশন লিগ ফুটবলে চ্যাম্পিয়ন হয়ে নাইন বুলেটস আগামী বছর প্রথম ডিভিশন লিগ ফুটবলে খেলার যোগ্যতা অর্জন করে নিয়েছে। পাশাপাশি সম সংখ্যক ম্যাচে, সম পরিমাণ পয়েন্ট নিয়ে গোল ব্যবধানের নিরিখে রানার্স খেতাব বিজয়ী ব্লাড মাউথ ক্লাবও আগামী বছর প্রথম ডিভিশনে খেলার যোগ্যতা মান পেয়েছে।

ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন আয়োজিত ঘরোয়া বি-ডিভিশন লিগ ফুটবলের অন্তিম ম্যাচে আজ, বুধবার নাইন বুলেটস ক্লাব ৭-০ গোলের বড় ব্যবধানে নবোদয় সংঘকে পরাজিত করে একদিকে যেমন অপরাজিতের ধারা অব্যাহত রেখেছে, অপরদিকে চ্যাম্পিয়ন খেতাব ছিনিয়ে নিয়েছে। স্থানীয় উমাকান্ত মিনি স্টেডিয়ামে প্রথমার্ধে বিজয়ী দল ২-০ গোলে এগিয়ে ছিল। খেলার ১৫ মিনিটের মাথায় প্রথম গোল এম সি ভানলালুর পা থেকে ১৪ মিনিটের মাথায় দ্বিতীয় গোল জে লাল মুদ্রার পক্ষান্তরে নবোদয়ের ছেলেরা গোল পরিশোধের কোনও সুযোগই পায়নি। দ্বিতীয়ার্ধেও নাইন বুলেটস এর আক্রমণ ভাগের খেলোয়াড়রা যথেষ্ট প্রাধান্য বিস্তার করে খেলে গোল অভিযান শুরু করে। খেলার ৫৪ ও ৬৭ মিনিটের মাথায় এস জে পিয়ারি ও এম সি ভান লালুর পরপর দুই গোলে ব্যবধান বেড়ে ৪-০ হয়। তবে খেলার শেষ দিকে পাঁচ মিনিটের মধ্যে লাল রাত লুয়াঙ্গা, কে বি সিংহা এবং জে লাল মুন আবার পরপর তিনটি গোল করলে চূড়ান্ত ব্যবধান ৭-০ হয়। দ্বিতীয়ার্ধেও নবোদয় সংঘের ছেলেরা গোল শোধের কোন ফুরসৎ পায়নি। তবে খেলার অসদাচরণের জন্য রেফারি যথারীতি খেলার প্রথমার্ধে দুই দলের দুজনকে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি আদিতা দেববর্মা, বিশিষ্ট ডাস, সত্যজিৎ দেব রায় ও তপন চন্দ্র দেবনাথ। খেলা শেষে মাঠে আয়োজিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে টুর্নামেন্টের বিজয়ী দলকে ট্রফি প্রদান করা হয়। অনুষ্ঠানে বিধায়ক অভিষেক দেবরায়, আগরতলা পুর নিগমের উত্তর জোনের চেয়ারম্যান তথা কর্পোরেশনের প্রদীপ চন্দ্র, ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পের্টন রতন সাহা প্রমুখ উপস্থিত ছিলেন। পৌরহিত্য করেন ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের সভাপতি প্রবণ সরকার। টুর্নামেন্ট সাফল্যমন্ডিভাবে শেষ হওয়ার টিএফএ এবং ত্রিপুরা রেফারিস এসোসিয়েশনের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়েছে।

ফুলো-বানুকে রুখে খেতাবের প্রত্যাশা জিইয়ে রাখলো ত্রিপুরা স্পোর্টস স্কুল

ফুলো বানো-২ (জিমি,পখিলা) **ত্রিপুরা স্পোর্টস স্কুল-২ (মারিনা, প্রীথা)**

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। জম্পুইজলা প্লে সেন্টারকে সুবিধে করে দিলো ফুলো বানো ও ত্রিপুরা স্পোর্টস স্কুলের ড্র ম্যাচ। একই ঘুরিয়ে বললে বলা যায় ফুলো বানুকে রুখে ত্রিপুরা স্পোর্টস স্কুল খেতাবের প্রত্যাশা জিইয়ে রেখেছে। তবে ম্যাচে বুধবার অন্যায়সেই জয় পেত পারতো সজিত ঘোষের ফুলো বানো দল। যদি না বেশ কয়েকটি সহজ গোলের সুযোগ হেলায় নষ্ট না করতে দিপালী হালাম-রা। রাজা ফুটবল সংস্থা আয়োজিত বেকুষ্ঠ নাথ স্মৃতি মহিলা ফুটবল লিগে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচটি শেষ হয় অমিমাংশিতভাবে। ফলাফল ২-২। অথচ দীর্ঘক্ষণ এগিয়ে ছিলো সজিত ঘোষের দল। শেষ পর্যন্ত হার না মানসিকতা ত্রিপুরা স্পোর্টস স্কুলকে ১ পয়েন্ট এনে দেন। আজ কিল্লা মর্নিং ক্লাবকে হারাতে পারলেই খেতাবের দৌড়ে এগিয়ে যাবে বুদ্ধ দেববর্মা-র জম্পুইজলা প্লে সেন্টার। এদিন ম্যাচের শুরু থেকেই আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকে দু-দলের ফুটবলাররা। বল দখলের লড়াইয়ে একে অপরকে ছাপিয়ে যাওয়ার চেষ্টা করতে থাকে শুরু থেকেই। আর তাতেই ম্যাচ জমে উঠে। ১৫ মিনিটে কাউন্টার আটাকে গিয়ে ত্রিপুরা স্পোর্টস স্কুলকে এগিয়ে দেয় মারিনা জমাতিয়া। গোল হজম করলেই পাল্টা আক্রমণে গিয়ে ১ মিনিটের মধ্যেই সমতা ফেরান জিমি মলগুম। ৩২ মিনিটে পখিলা বুরো-র গোলে এগিয়ে যায় ফুলো বানো দল। গোল হজম করলেই পাল্টা আক্রমণ শুরু করে দেববর্মা-র ত্রিপুরা স্পোর্টস স্কুলের মেয়েরা। বিরতীর পর আক্রমণের গতি আরও বাড়ে। ৭১ মিনিটে প্রীথা ত্রিপুরা দুর্দান্ত গোল করে সমতা ফেরান। এর পরও জয় পাওয়ার মতো সুযোগ পেয়েছিলো ফুলো বানো দল। মৌসুমী ওরাং, দিপালী হালাম এবং প্রখিলা-রা সহজ সুযোগ হেলায় নষ্ট করে দলকে গুরুত্বপূর্ণ ম্যাচে জয় এনে দিতে পারেননি। খেলা পরিচালনা করেন পল্লব চক্রবর্তী। ম্যাচের সেরা ফুটবলার নির্বাচিত হয়েছেন ফুলো বানো দলের প্রখিলা বুরো। সুপারে দুই ম্যাচ খেলে ত্রিপুরা স্পোর্টস স্কুলের পয়েন্ট ৪। অপরদিকে সমসংখ্যক ম্যাচ খেলে ফুলো বানো দলের পয়েন্ট ১।

দেওধর ট্রফির ফাইনালে আজ পূর্বাঞ্চল ও দক্ষিণাঞ্চলের লড়াই

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। দেওধর ট্রফির ফাইনাল ম্যাচ আগামীকাল অনুষ্ঠিত হচ্ছে। পদুচেরিতে বিসিসিআই আয়োজিত প্রফেশর ডিবি দেওধর ট্রফির ফাইনাল ম্যাচে পূর্বাঞ্চল এবং দক্ষিণাঞ্চল পরস্পরের মুখোমুখি হবে। লীগ পর্যায়ের খেলায় দক্ষিণাঞ্চল পূর্বাঞ্চলকে ৫ উইকেটে পরাজিত করেছিল। তবে ফাইনাল ম্যাচের ফলাফল কি হয় সে ব্যাপারে অনিশ্চিত ক্রিকেট মহলা। উল্লেখ্য, লীগ পর্যায়ের খেলায় দক্ষিণাঞ্চল পরপর পাঁচ ম্যাচের প্রত্যেকটিতে জয়ী হয়ে ফাইনালে প্রবেশ করেছে। অপরদিকে পূর্বাঞ্চল পাঁচ ম্যাচের মধ্যে চারটিতে জয় পেয়ে ফাইনালে উন্নীত হয়েছে। দক্ষিণাঞ্চল প্রথম ম্যাচে উত্তরাঞ্চলকে ১৮৫ রানে, পশ্চিমাঞ্চলকে ১২ রানে, উত্তর-পূর্বাঞ্চলকে নয় উইকেটে, পূর্বাঞ্চলকে পাঁচ উইকেটে এবং মধ্যাঞ্চলকে সাত উইকেটে পরাজিত করেছিল। পূর্বাঞ্চল প্রথম ম্যাচে মধ্যাঞ্চলকে ছয় উইনেলে, দ্বিতীয় ম্যাচে উত্তর পূর্বাঞ্চলকে আট উইকেটে, তৃতীয় ম্যাচে উত্তরাঞ্চলকে ৮৮ রানে এবং শেষ ম্যাচে পশ্চিমাঞ্চলকে ১৫৭ রানে পরাজিত করে ফাইনালে খেলার ছাড়পত্র পেয়েছে।

রাজ্য এস এম কাপ ফুটবল শুরু আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। তিনদিনব্যাপী রাজ্য এস এম কাপ ফুটবল শুরু আগামীকাল থেকে। অনূর্ধ্ব-১৭ বালিকাদের ওই আসর হবে জিরানীয়া মহকুমা এর এস কলেজ বিদ্যালয় মাঠের সিঙ্গেলিক ফুটবল মাঠে। আগামীকাল বিকেল ৩ টায় আসরের উদ্বোধন করবেন খাদ্য মন্ত্রী সুশান্ত চৌধুরি। এছাড়া উপস্থিত থাকবেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি হরিদুলাল আচার্য, চেয়ারপার্সন রতন দাস প্রমুখ। এদিকে রাজ্য অনূর্ধ্ব ১৪ বালকদের আসর হবে সাতচাঁদ স্কুল মাঠে। আগামীকাল আসরের উদ্বোধন করবেন গুরু চরণ নোয়াতিয়া। তিনদিন ব্যাপী আয়োজিত এই প্রতিযোগিতা পাঁচ আগস্ট শেষ হবে। রাজ্য থেকে কোন দল জাতীয় আসরে প্রতিনিধিত্ব করবে মধ্য দিয়ে।

PNIT NO: 12/EPNIT/EE/RD/DIV/AMP/G/2023-24 Dated-31/07/2023

The Eetutive Engineer, RD Amarpur Division, Amarpur, Gomati District, Tripura invites e Tender from eligible bidders upto 3.00 PM of 08/08/2023 for 3 (Three) nos. Work Tender. For details visit website- <https://tripuratenders.gov.in> or contact through endum will be e-mail eerdampurdivision@gmail.com. Any subsequent corrig available in the website only.

ICA/C-1692/23 Executive Engineer RD Amarpur Division

NOTICE INVITING e-TENDER

College of Agriculture, Tripura invites electronic Bids through e-Procurement Portal of - Government of Tripura (<https://tripuratenders.gov.in>) from reputed organizations for Supply of laboratory chemicals under DBT-funded Sabri project" under the DBT project entitled "Management of Fusarium Wilt in NER Banana using ICAR- FUSICON Technology" at College of Agriculture, Tripura, Lembucherra, West Tripura. Detailed tender notice, schedules and tender documents can be obtained from <https://tripuratenders.gov.in>. Last Date of submission of the e-Tender: 08.08.2023, 14:30 P.M

ICA/C-1682/23 (Dr. T.K.Maity) Principal College of Agriculture, Tripura Lembucherra, West Tripura

আজ ভারতীয় ফুটবলের আইকন ৩৯ বছরে পা দিচ্ছেন

কলকাতা, ২ আগস্ট (হিস.): সুনীল ছেত্রী। ভারতীয় ফুটবলের আইকন আগামীকাল ৩৯ (জন্ম: ৩ আগস্ট ১৯৮৪) বছরে পা দিচ্ছেন। তিনি একজন ভারতীয় পেশাদার ফুটবল খেলোয়াড়। তিনি বর্তমানে ভারতের পেশাদার ফুটবল লীগের শীর্ষ স্তর ইন্ডিয়ান সুপার লিগের ক্লাব বেঙ্গালুরু এবং ভারত জাতীয় দলের হয়ে আক্রমণভাগের খেলোয়াড় হিসেবে খেলার পাশাপাশি ভারত জাতীয় দলের অধিনায়কের দায়িত্ব পালন করছেন। ২০০১-০২ সালে, ভারতীয় ফুটবল ক্লাব সিটির যুব পর্যায়ের হয়ে খেলার মাধ্যমে সুনীল ফুটবল জগতে প্রবেশ করেছেন। ২০০২-০৩ সালে, মোহনবাগানের হয়ে খেলেন। মোহনবাগানের হয়ে তিনি মৌসুমে ১৮ ম্যাচে ৮টি গোল করার পর ২০০৫-০৬ সালে তিনি জেসিটিতে যোগদান করেন। জেসিটিতে তিন মরশুম অতিবাহিত করার পর ইস্টবেঙ্গলের সাথে চুক্তি স্বাক্ষর করেছেন, যেখানে তিনি ১৪ ম্যাচে ৯টি গোল করেছেন। পরবর্তীকালে, তিনি ডেম্পো, চার্লি ব্রাদার্স, বেঙ্গালুরু এবং মুম্বই সিটির হয়ে খেলেছেন। ২০০৩ সালে, সুনীল ভারত অনূর্ধ্ব-২০ দলের হয়ে ভারতের বয়সভিত্তিক পর্যায়ে অভিষেক করেছিলেন। ভারতের বয়সভিত্তিক দলের হয়ে খেলার পর, তিনি ২০০৫ সালে ভারতের হয়ে আন্তর্জাতিক পর্যায়ে অভিষেক করেছেন; ভারতের জার্সি গায়ে তিনি এপর্যন্ত ১২৬ ম্যাচে ৮১টি গোল করেছেন। একনজরে দেখে নেওয়া যাক এই ভারতীয় আইকনের কিছু জানা-অজানা তথ্য।

**রঙেই ফুটবল। মা নেপালের হয়ে ফুটবল খেলতেন। বাবা আর্মিতে ছিলেন। সেখানে খেলাধুলার সঙ্গে জড়িত ছিলেন।

**২০০৫ সাল থেকে জাতীয় দলের অংশ সুনীল। দেশের জার্সিতে সর্বাধিক ম্যাচ খেলার নজির গড়েছেন।

**বর্তমানে যতজন ফুটবলার রয়েছেন, তাঁদের মধ্যে তৃতীয় সর্বাধিক গোলের মালিক সুনীল। আগে রয়েছেন রোনাল্ডো ও মেসি।

**এআইএফএফ প্লেয়ার অফ দ্য অ্যাওয়ার্ড সম্মান পেয়েছেন সুনীল ছেত্রী মোট ৭ বার। ২০০৭, ২০১১, ২০১৩, ২০১৪, ২০১৭, ২০১৯, ২০২২ সালে এই সম্মান পেয়েছেন।

**সুনীল ছেত্রী ২০২১ সাল থেকে দেশের জার্সিতে অধিনায়কত্ব করেন।

শিক্ষার অধিকার থেকে ছাত্রছাত্রীদের বঞ্চিত করার অভিযোগ এনে উদয়পুর ডিগ্রি কলেজের অধ্যক্ষকে ঘেরাও



নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ২ আগস্ট। শিক্ষার অধিকার থেকে ছাত্রছাত্রীদের বঞ্চিত করার অভিযোগে বৃহস্পতি গণমাঠ জেলার অন্তর্গত রাধাকিশোরপুরে অবস্থিত উদয়পুর ডিগ্রি কলেজের অধ্যক্ষকে ঘেরাও করেছেন অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ (এবিভিপি)-এর কার্যকর্তারা। এবিভিপির অভিযোগ, চলতি শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিক পরীক্ষায়

উত্তীর্ণ ছাত্রছাত্রীরা এখন পর্যন্ত নেতাজি সুভাষচন্দ্র মহাবিদ্যালয়ে ভরতি হওয়ার সুযোগ পায়নি। এ নিয়ে একের পর এক আন্দোলন সংগঠিত করছে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ। তাতেও কাজ হচ্ছে না। কলেজ কর্তৃপক্ষ বারবার বলছেন, আসন সংখ্যা কম থাকায় ছাত্রছাত্রীদের ভরতি হতে সুযোগ হবে দিতে পারছেন না তারা। অভিযোগ, উদয়পুর

মহকুমার প্রায় ৫০০-এর বেশি ছাত্রছাত্রী এখনও কলেজে ভরতি হতে পারেনি। এই বিষয়টি কোনওভাবেই মেনে নিতে পারছেন না অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের কার্যকর্তারা। তাই তারা আজ প্রায় এক হাজার কার্যকর্তা কলেজ চত্বরে বিক্ষোভ প্রদর্শনের পাশাপাশি কলেজের অধ্যক্ষের কক্ষ ঘেরাও করে রাখেন। এবিভিপির এক

প্রতিনিধি দল কলেজের অধ্যক্ষের কাছে তাঁদের দাবি নিয়ে হাজির হয়। তাঁদের দাবি, উদয়পুর মহকুমার যে সকল ছাত্রছাত্রী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, তাঁদের সকলকে কলেজে ভরতি করার সুযোগ করে দিতে হবে। তা না-হলে তাঁরা আগামীদিনে আরও বৃহত্তর আন্দোলন সংগঠিত করবেন।

সীমান্ত গ্রাম কমলাসাগরে সাংস্কৃতিক কর্মশালা সম্পন্ন

নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২ আগস্ট। বৃহস্পতি কমলাসাগর মন্ত্রণালয় সাতদিন ব্যাপি সাংস্কৃতিক কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণ প্রাপ্ত শিল্পীরা দেশাধিবোধক সংগীত নৃত্য নাটক পরিবেশন করেন। কর্মশালার সমাপনী অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জেলা সভাপতি সুপ্রিয়া দাস দত্ত। এছাড়া উপস্থিত ছিলেন সমাজসেবক গৌরাঙ্গ ভৌমিক, জেলা পরিষদের সদস্য বিশ্বজিৎ সাহা, স্থানীয় গ্রাম প্রধান চন্দন সরকার প্রমুখ। আজাদী কা অমৃত মহাশয় উপলক্ষে ৭৫ সীমান্ত গ্রাম জন্মিত বীরো কে নাম কর্মসূচির অঙ্গ হিসাবে কমলাসাগর গ্রাম পঞ্চায়েতে ভিত্তিক সাংস্কৃতিক কর্মশালা সম্পন্ন হয়। দেবিপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে সাতদিন ব্যাপি কর্মশালায় স্থানীয় ছাত্রছাত্রীরা ব্যাপক উৎসাহ উদ্দীপনায় দেশাধিবোধক সঙ্গীত নৃত্য নাটক পরিবেশন করে। সমাপনী অনুষ্ঠানের উদ্বোধক জেলা সভাপতি সুপ্রিয়া দাস দত্ত বলেন বীর স্বাধীনতা সংগ্রামীদের স্মরণের মাধ্যমে সীমান্ত গ্রামে দেশাধিবোধ জগত করতে এই কর্মসূচি হাতে নেয়া হয়েছে। এদিন প্রশিক্ষণ প্রাপ্ত শিল্পীদের সঞ্চাপ্ত প্রদান করা হয়। এছাড়া কমলাসাগর বিধানসভার রাধানগর গ্রাম পঞ্চায়েতে সাত দিন ব্যাপি সাংস্কৃতিক কর্মশালা সম্পন্ন হয়। মঙ্গলবার কোনাবন কলোনি উচ্চ বিদ্যালয়ে আয়োজিত কর্মশালায় সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণ প্রাপ্ত শিল্পীরা দেশাধিবোধক সঙ্গীত নৃত্য নাটক পরিবেশন করেন। এছাড়া অঙ্কন শেখানো হয়েছে ছাত্র ছাত্রীদের। কর্মসূচির অঙ্গ হিসাবে ওয়াল পেইন্টিং করা হয়। কোনাবন কলোনি উচ্চ বিদ্যালয়ে কর্মশালার সমাপনী অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জেলা সভাপতি সুপ্রিয়া দাস দত্ত। এছাড়া ছিলেন বিশিষ্ট সমাজসেবক গৌরাঙ্গ ভৌমিক, জেলা পরিষদের সদস্য বিশ্বজিৎ সাহা, মহকুমা তথ্য আধিকারিক কাকলি ভৌমিক প্রমুখ।

সালেমা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের নবনির্মিত পাকা ভবনের উদ্বোধন গৃহ শিক্ষকের উপর অতিরিক্ত নির্ভরশীল না হয়ে ছাত্রছাত্রীদের বেশী করে পাঠ্যবই পড়তে হবে : মুখ্যমন্ত্রী

আগরতলা। গৃহ শিক্ষকের উপর অতিরিক্ত নির্ভরশীল না হয়ে ছাত্রছাত্রীদের বেশী করে পাঠ্যবই পড়তে হবে। নিজে উদ্যোগী হয়ে জ্ঞান বৃদ্ধির প্রচেষ্টা করতে হবে। ভালভাবে বোঝার জন্য প্রয়োজনে একই বিষয় বার বার পড়তে হবে। বই পড়ার কোন বিকল্প নেই। আজ সালেমা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের নবনির্মিত পাকা ভবনের উদ্বোধন করে ছাত্র ছাত্রীদের সঙ্গে মত বিনিময়ের সময় একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপা দাস পাল, বিধায়ক মনোজ কান্তি দেব, আমবাসা বিএসি'র চেয়ারম্যান পরিমল দেববর্মা, ধলাই জেলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি অনাদি সরকার, ধলাই জেলার জেলাশাসক ও

সমাহর্তা ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, ধলাই জেলার পুলিশ সুপার অরিনাশ রাই। ছাত্রছাত্রীদের সঙ্গে মতবিনিময়ের সময় মুখ্যমন্ত্রী নদের সমস্যাগুলি অনুধাবন করে সমাধানের কথা বলেন। মুখ্যমন্ত্রী আলোচনায় বলেন, সরকার যীর্ষে যীর্ষে সকল বিদ্যালয়ের অগ্রগতি নিশ্চিত করছে। এরই অঙ্গ হিসেবে সালেমা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়কেও বিদ্যাজ্যোতি প্রকল্পের আওতায় আনা হয়েছে। ফ্লোরটি সিবিএসই-তে উন্নীত হয়েছে। বিদ্যালয়গুলির এই উন্নয়নের ধারা চলতে থাকবে। কিন্তু সেইসঙ্গে ছাত্রছাত্রীদের আরও বেশী মনযোগী হয়ে লক্ষ্য নির্দিষ্ট করে পড়াশোনা করার উপর গুরুত্ব আরোপ করেন মুখ্যমন্ত্রী। এরপর মুখ্যমন্ত্রী নতুন ভবনের প্রতিটি ঘর ৩৬ বর পাঠায় দেখুন

উপস্থিত ছিলেন ৩ নং বামুটিয়া বিধানসভা কেন্দ্রের বিধায়ক নয়ন সরকার, সিপিআইএম পশ্চিম জেলা কমিটির সদস্য স্বপন দেব, সিপিআইএম নরসিংগড় অঞ্চল কমিটির সমস্ত নেতৃত্ব সহ অন্যান্য দলীয় কর্মী সমর্থকরা। তার প্রয়াসে দলের অপর্যায় ক্ষতি হয়েছে বলে অভিমান ব্যক্ত করে মানিক সরকার।

দলীয় কর্মীকে শেষ শ্রদ্ধা জানালেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। প্রয়াত হলেন সিপিআইএম-এর দলীয় কর্মী আউত বিহারী বিন। সিপিআইএম নরসিংগড় অঞ্চল কমিটির সদস্য ছিলেন তিনি। দলীয় কর্মীকে নরসিংগড় বিন পাঠ্যবই বাড়িতে গিয়ে শেষ শ্রদ্ধা জানালেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার। ২ আগস্ট

সকলে অসুস্থতা জনিত কারণে প্রয়াত হয়েছেন তিনি। প্রয়াত হয়েছেন সিপিআইএম কর্মী আউত বিহারী বিনের নরসিংগড় বিন পাঠ্যবই বাড়িতে ছুটে যান সিপিআইএম দলের প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার। সিপিআইএম দলের প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার ছাড়াও

প্রয়াত হয়েছেন তিনি। প্রয়াত হয়েছেন সিপিআইএম কর্মী আউত বিহারী বিনের নরসিংগড় বিন পাঠ্যবই বাড়িতে ছুটে যান সিপিআইএম দলের প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার। সিপিআইএম দলের প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার ছাড়াও

প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা প্রকল্পে ত্রিপুরায় গত তিন বছরে মোট ব্যয় ৪৫৫.৪৭ কোটি টাকা : কেন্দ্রীয় মন্ত্রী

নয়া দিল্লি, ২ আগস্ট। প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা প্রকল্পে ত্রিপুরায় গত তিন বছরে মোট ৪৫৫ কোটি ৪৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রী আরো জানান যে, নির্বাচিত সমুদায়ী পি এম জি এস ওয়াই প্রকল্পের ১ম ও ২য় পর্যায়ের নির্মাণ কাজ ২০২৪ এর মার্চ এর মধ্যে সম্পন্ন করার কথা। তৃতীয় পর্যায়ের কাজ শেষ করার কথা ২০২৫ এর মার্চ মাসের মধ্যে।

কেন্দ্রীয় মন্ত্রী আরো জানান যে, নির্বাচিত সমুদায়ী পি এম জি এস ওয়াই প্রকল্পের ১ম ও ২য় পর্যায়ের নির্মাণ কাজ ২০২৪ এর মার্চ এর মধ্যে সম্পন্ন করার কথা। তৃতীয় পর্যায়ের কাজ শেষ করার কথা ২০২৫ এর মার্চ মাসের মধ্যে।

ক্যানিং জুড়ে রক্তের হাথাকার চলছেই, এবার ত্রাতা পুলিশ

ক্যানিং, ২ আগস্ট (হি. স.): ঘড়িতে সময় তখন সকাল এগারোটো হবে। বাসন্তী থানার শিমুলতলা পুলিশ ক্যাম্পের সামনে দাঁড়িয়ে এক যুবক হাউ হাউ করে কাঁদতে শুরু করেছেন। সেই কান্নার আওয়াজ শুনেই ক্যাম্প ইনচার্জ সোমসিংহ দাস বেবিংয়ে আসলে রাম দেবনাথ নামে ওই যুবক জানান তাঁর দশ বছরের ছেলের জন্য রক্তের প্রয়োজন। অনেক জায়গায় ঘুরেও ছেলের জন্য এ পজিটিভ রক্ত জোগাড় করতে পারেননি। তাই শেষ পর্যন্ত বাসন্তীতে পুলিশ ক্যাম্পের দ্বাৰা হয়েছেন তিনি। সমস্যার কথা শুনেই ক্যাম্পের এক এএসআই সত্যজিৎ রায় ও এক কনস্টেবল অরিনাশ রাই সাধুখী ক্রত ক্যানিং মহকুমা হাসপাতালে পৌঁছে রক্ত দেন। সন্তানের জন্য রক্ত জোগাড় হওয়ায় হাঁফ ছেড়ে বাঁচেন রাম। তিনি বলেন, "মঙ্গলবার বিকেল থেকেই রক্তের জন্য হন্যে হয়ে ঘুরছি, কোথাও পাইনি, শেষ পর্যন্ত ক্যাম্পে এসে পুলিশকে জানাতে রক্ত জোগাড় হয়। ওনার ধন্যবাদ।" এসডিপিও ক্যানিং দিবাকর দাস বলেন, "সকালেই ক্যাম্প ইনচার্জ বিষয়টি আমাকে জানালে আমি দ্রুত হাসপাতালে গিয়ে রক্ত দেওয়ার নির্দেশ দিই ওই দুজনকে। পুলিশ সর্বদা এলাকার মানুষের সাথে আছে, সেটা আইন রক্ষা হোক বা সামাজিক দায়বদ্ধতা।"

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্যদের বছর বাঁচাও পরীক্ষা শুরু

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্যদ পরিচালিত এবছরের বছর বাঁচাও পরীক্ষা বৃহস্পতি থেকে শুরু হয়েছে। বৃহস্পতি নেতাজী সুভাষ বিদ্যালয়কেন্দ্রীণ উচ্চ মাধ্যমিকের ৪২ জন এবং মাধ্যমিকের ১২ জন ছাত্র ছাত্রীরা বছর বাঁচাও পরীক্ষা দিচ্ছে। নেতাজী সুভাষ বিদ্যালয়কেন্দ্রীণ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা বর্ণালী মজুমদার জানিয়েছেন, যেসব ছাত্র ছাত্রীরা পরীক্ষায় পাশ করতে পারেনি তারা পুনরায় বছর বাঁচাও প্রক্রিয়ার সহায়তায় পরবর্তী ধাপে অগ্রসর হতে পারবে। প্রথম দিনে ইংরেজি বিষয়ের পরীক্ষা দিয়ে শুরু হয়েছে বছর বাঁচাও পরীক্ষা।

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। করিমগঞ্জ জেলার অসম-ত্রিপুরা আন্তঃরাজ্য সীমান্তবর্তী চুড়হিবাড়িতে আবারও উদ্ধার হয়েছে দেশার কফ সিরাপ ফেল্পাইল। এবার উদ্ধার হয়েছে প্রায় তিন কোটি টাকার মাদক কফ সিরাপ। এগুলি ত্রিপুরায় পাচারের পরিকল্পনা ছিল চুড়হিবাড়ি পুলিশ ওয়াচ পোস্টের ইনচার্জ প্রণব মিলি জানান, আজ বৃহস্পতি সকালে ত্রিপুরাগামী আন্তঃরাজ্য সীমান্তে চেকপোস্টের এ-পারে সন্দেহের বাশে টিআর ০১ এয়ার ১৭৩০ নম্বরের ছয় চাকার চাল বোঝাই একটি লরিতে তালশি চালিয়েছিলেন তারা। লরিতে কোনও চালক বা সহ-চালক ছিল না, প্রায় পরিত্যক্ত অবস্থায় রাস্তার পাশে দাঁড় করানো ছিল লরিটি। তাঁর নেতৃত্বে লরিতে চালের বস্তুর নীচে তালশি চালিয়ে ১০৫ পাঁচ কার্টনে ৩১,৬৮০ কিলো ফেল্পাইল উদ্ধার করেন পুলিশকর্মীরা। উদ্ধারকৃত দেশা জাতীয় কফ সিরাপ ফেল্পাইলগুলির কালোবাজারি মূল্যপ্রায় তিন কোটি টাকা হবে। তবে এর সঙ্গে জড়িত সন্দেহে কাউকে ধরা সম্ভব হয়নি, জানান প্রণব মিলি।

প্লাস্টিক বিরোধী অভিযানে নেমেছে সদর মহকুমা প্রশাসন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। প্লাস্টিক বিরোধী অভিযানে নেমেছে সদর মহকুমা প্রশাসনের এসফোর্সেস্টিম টিম। প্রশাসনের আধিকারিকগণ গতকাল সন্ধ্যায় বটতলা বাজারে অভিযান চালিয়েছে। পাশাপাশি এদিন বিভিন্ন ফাস্টফুডের ও মিস্টির দোকানে হানা দিয়েছে। অভিযানে নেমে বিভিন্ন দোকানে ব্যাপক অনিয়ম লক্ষ্য করা গিয়েছে। ব্যাপক অনিয়মের জন্য ৫টি দোকানের বিরুদ্ধে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে শোকাভি নোটিশ দেওয়া হবে বলে জানিয়েছেন জনৈক আধিকারিক। পাশাপাশি এদিন বাজারের খাদ্য সামগ্রীর দাম সঠিক আছে কি না তা খতিয়ে দেখা হয়েছে। প্লাস্টিক মুক্ত ত্রিপুরা গড়ার লক্ষ্যে আগামী দিনেও অভিযান জারি থাকবে বলে জানিয়েছেন জনৈক আধিকারিক।

শিশুকে টিকাকরণ

নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া। বিভিন্ন রোগ থেকে প্রতিরোধ করে তাই ইন্টিসিফাইড মিশন ইন্ড্রনুম্ব সম্পূর্ণ বিনামূল্যে শূন্য থেকে পাঁচ বছর বয়স পর্যন্ত টিকা থেকে বাদ যাওয়া নির্দিষ্ট টিকা করন থেকে বাদ যাওয়া, এবং গর্ভবর্তী মহিলাদের টিকাকরণ নিশ্চিত করার লক্ষ্যে ইন্টিসিফাইড মিশন ইন্ড্রনুম্ব ৫.০ সারা রাজ্য জুড়ে তিনটি রাউন্ডের মাধ্যমে এই টিকাকরণ প্রক্রিয়া চলবে, প্রথম রাউন্ড ৭ থেকে ১২ ই আগস্ট, দ্বিতীয় রাউন্ড ১১ থেকে ১৬ ই সেপ্টেম্বর, তৃতীয় রাউন্ড ৯ ই অক্টোবর থেকে ১৪ ই অক্টোবর ২০২৩ ই সমস্ত সরকারি সরকারি স্বাস্থ্য কেন্দ্রে এই ই প্রক্রিয়া চলবে। ইউ উইন পোর্টালের মধ্যে দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে পারবে, দক্ষিণ জেলায় গর্ভবর্তী মহিলা ২৩৭জন, দুবছর থেকে পাঁচ বছর ৫৫, শূন্য থেকে দুবছর ৬৮৬, শিশুকে এই টিকা করনের আওতায় আনা হবে জানান মুখ্য স্বাস্থ্য আধিকারিক। ইন্টেনসিফাইড মিশন ইন্ড্রনুম্ব নিয়ে বৃহস্পতি সন্ধ্যা ছয়টি বিলোনিয়া দক্ষিণ জেলা স্বাস্থ্য দপ্তরের কার্যালয়ের কনফারেন্স হলে এক মিডিয়া ওয়ার্কসপের মধ্যে দিয়ে বিস্তারিত ভাবে জেলার সংবাদিকদের সামনে তুলে ধরেন দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ সুরত দাস, এছাড়াও ছিলেন ডিআই ও, ডাঃ বিতান সেনগুপ্ত।

উন্নয়নে আরেক ধাপ এগিয়ে গেলো শান্তির বাজার শহর

নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২ আগস্ট। রাজসরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচীর মাধ্যমে শান্তির বাজার শহর এলাকাকে সাজিয়ে তোলা হচ্ছে। বিগতদিনে শান্তির বাজার শহরের প্রানকেন্দ্রে অবস্থিত মাছ ও মাংস বাজার জরাজীর্ণ অবস্থায় ছিলো। শহরের মান উন্নয়নের রাজ্য সরকারের আর্থিক সহযোগিতায় শান্তির বাজার পূর্বদপ্তরের অক্সান্ত পরিশ্রমে নতুনভাবে গররতোলা হয়েছে মাছ ও মাংস বাজার। বর্তমানে নতুন মাছ ও মাংস বাজারে সকল প্রকারের সুযোগ সুবিধা রেখে নির্মাণ করা হয়েছে। এতেকারে খোবই খুশি ব্যাবসায়ীরা। রাজসরকারের এই ধরনের উন্নয়নমূলক কর্মসূচীর জন্য সকলে রাজ্য সরকারকে ধন্যবাদ জানিয়েছেন। ১ কুটি ১১ লক্ষ ২৯ হাজার ৫০৬ টাকা ব্যয় করে এই মার্কেট ১৭/০৭/২০২০ সালে এই মার্কেটের নির্মাণ কাজ শুরু হয়েছে। ৩০/

০৪/২০২৩ সালে এই মার্কেট নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। মার্কেট নির্মাণ কাজ থেকে শুরু করে সমাপ্তি পর্যন্ত সমগ্র কাজ দেখাশোনা করলেন পূর্বদপ্তরের এলিউটিভ ইঞ্জিনিয়ার তাপস মারাক ও এস ডি ও প্রবীর বরন দাস। আজকের উদ্বোধন অক্সান্ত পরিশ্রমে শান্তির বাজার শহরের উন্নয়নের দিক দিয়ে আরেকধাপ এগিয়ে গিয়েছে। নবনির্মিত মার্কেট সকলের জন্য উন্মুক্ত করে দিলেন বিধায়ক প্রমোদ রিয়ান। উদ্ভোধকের পাশাপাশি আজকের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শান্তির বাজার পৌর পরিষদের চেয়ারম্যান সপা বৈদ্য, শান্তির বাজার মহকুমা শাসক অভ্যদানন্দ বৈদ্য, এম পি এম সির চেয়ারম্যান দুলাল দেবনাথ, বগাফা কৃষি দপ্তরের তত্ত্বাবধায়ক সুজিত কুমার দাস, কাউন্সিলার শ্যামলাল দেবনাথ সহ অন্যান্যরা। নবনির্মিত মার্কেটটি ডি ডব্লিউ ফাইটার অদিত্য মজুমদার নামে নামাকরণ করা হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে অদিত্য মজুমদার জীবন কাহিনী নিয়ে আলোচনা করলেন বক্তারা। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে পূর্বদপ্তরের এলিউটিভ ইঞ্জিনিয়ার তাপস মারাক জানান পূর্ব দপ্তর উদ্যোগে শান্তির বাজার শহরকে সাজিয়ে তোলার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এই মার্কেটে পেভার ব্লক দিয়ে মাঠ নির্মাণের কাজের পরিকল্পনা হাতে নিয়েছেন পূর্বদপ্তর। যা আগামী কিছুদিনের মধ্যে বাস্তবায়িত করা হবে। পূর্ব দপ্তরের এইধরনের উন্নয়ন মূলক কর্মসূচী হাতে নেওয়ায় খোবাইখুশি শান্তির বাজারবাসী। অপরদিকে উন্নয়নমূলক কর্মসূচীর কথায় জনসম্মুখে তুলে ধরেন। আজকের এই অনুষ্ঠানের কেন্দ্রকে শান্তির বাজারের লোকজনদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্যকরায়।

Advertisement for Indian Navy recruitment. Title: AN OCEAN OF OPPORTUNITIES AWAITS THE AMBITIOUS. Text: Indian Navy invites online applications from unmarried male & female candidates, to join as Short Service Commission Officers. Table with columns: Branch/Cadre, Educational Qualification, Vacancies, Born Between. Details for SSC Executive (Information Technology) with 35 vacancies and dates 02 Jan 1999 & 01 Jul 2004. Includes QR code and contact info.